# প্রশিক্ষণ সিডিউল

দিবস-১

| সময় | মূল বিষয় | বিস্তারিত বিষয় | পদ্ধতি | সহায়তাকারী |
|---|---|---|---|---|
| ০৯.০০ - ০৯.১৫ | স্বাগত ও রেজিস্ট্রেশন | | | সমন্বয়কারী/প্রশিক্ষণ সহায়তাকারী/ অংশগ্রহণকারীবৃন্দ |
| ০৯.১৫- ১০.০০ | প্রাক-প্রশিক্ষণ মূল্যায়ণ | • বাণিজ্যিক ফুল চাষ, সংগ্রহোত্তর কার্যক্রম ও বাজার এবং জেন্ডার বিষয়ক প্রশ্ন | লিখিত পরীক্ষা | সমন্বয়কারী/প্রশিক্ষণ সহায়তাকারী |
| ১০.০০ -১০.৪০ | প্রশিক্ষণ/কোর্স উদ্বোধন | • স্বাগত বক্তব্য<br>• প্রশিক্ষণ প্রেক্ষাপট ও উদ্দেশ্যসমূহ<br>• উল্লেখিত বিষয়ে প্রশিক্ষণের গুরুত্ব ও উদ্বোধনী | বক্তৃতা | প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তর, প্রতিনিধি বন্ধন সোসাইটি |
| ১০.৪০- ১১.০০ | চা বিরতি | | | |
| ১১.০০-১২.০০ | জড়তা ভঙ্গ, প্রশিক্ষণ নিয়ম-নীতি ও প্রশিক্ষণার্থীদের প্রত্যাশা যাচাইকরণ | • পরস্পরের সাথে পরিচয়, প্রশিক্ষণার্থীদের বসার ব্যবস্থা ইউ-আকৃতিতে পুনঃবিন্যাস<br>• প্রশিক্ষণ চলাকালীন নিয়ম-নীতি নির্ধারণ<br>• প্রশিক্ষণার্থীদের প্রত্যাশা যাচাইকরণ ও প্রশিক্ষণ আলোচ্যসূচি পুনঃমূল্যায়ন | অংশগ্রহণমূলক এবং দলীয় কাজ | সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ১২.০০-০১.০০ | **সেশন ০১ঃ** বাংলাদেশে বাণিজ্যিক ফুল চাষঃ বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ সম্ভাবনা | • বাণিজ্যিকভাবে উৎপাদিত ফুলসমূহের পরিচিতি,<br>• ফুল চাষের গুরুত্ব, সুযোগ এবং ভবিষ্যৎ সম্ভাবনা | বক্তৃতা,অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক (প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ অন্যান্য দপ্তর/বন্ধন সোসাইটি) |
| ০১.০০-০২.০০ | নামাজ ও দুপুরের খাবার বিরতি | | | |
| ০২.০০ - ০৩.৩০ | **সেশন ০২ঃ** গোলাপের আধুনিক উৎপাদন কলাকৌশল | • জলবায়ু, মাটি ও বংশবিস্তার<br>• জমি নির্বাচন, জমি তৈরী, চারা রোপন, সার প্রয়োগ,<br>• অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ ও পানি নিষ্কাশন, ডাল ছাঁটাই বা প্রুনিং, আগাছা দমন)<br>• ফুল সংগ্রহ ও ফলন | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |
| ০৩.৩০-০৪.৪৫ | **সেশন ০৩ঃ** বাংলাদেশে ফুল সেক্টর ও জেন্ডার ধারণা | • জেন্ডার বলতে কি বুঝায়? জেন্ডার ও লিঙ্গের পার্থক্য<br>• জেন্ডার সমতা ও সাম্যতা পর্যালোচনা<br>• সমাজে জেন্ডার বৈষম্য ও জেন্ডার ভূমিকা পর্যালোচনা | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন অংশগ্রহণমূলক আলোচনা ও দলীয় কাজ | প্রশিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | • বাংলাদেশের ফুল সেক্টরে বিদ্যমান বৈষম্যসমূহ<br>• বাণিজ্যিক ফুল সেক্টরে নারীদের বর্তমান ভূমিকা ও অংশগ্রহণ<br>• ফুল সেক্টরে বিদ্যমান বৈষম্য কমিয়ে মহিলাদের অধিকতর সম্পৃক্ততার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা | | |
| ০৪.৪৫-০৫.০০ | বিকেলের নাস্তা ও ১ম দিনের প্রশিক্ষণ সমাপ্তি | | | |

দিবস-২

| সময় | মূল বিষয় | বিস্তারিত বিষয় | পদ্ধতি | সহায়তাকারী |
|---|---|---|---|---|
| ০৯.০০ - ০৯.১৫ | গত দিনের সংক্ষিপ্তবৃত্তি | • প্রশিক্ষণের নিয়ম-নীতি পুনঃআলোচনা<br>• বাংলাদেশে বাণিজ্যিক ফুলের গুরুত্ব ও সম্ভাবনা পুনঃআলোচনা<br>• গোলাপ চাষের বিভিন্ন বিষয় মনে করা<br>• জেন্ডার বিষয়ক পুনঃআলোচনা | অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ০৯.১৫ - ১০.৩০ | **সেশন ০৪ঃ**<br>গ্লাডিওলাসের আধুনিক উৎপাদন কলাকৌশল | • জলবায়ু, মাটি, বংশবিস্তার,<br>• জমি নির্বাচন ও জমি তৈরি, বীজ/কর্‌ম বপন সময়, বীজ বপন পদ্ধতি, সার প্রয়োগ,<br>• অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ ও পানি নিস্কাশন, আগাছা দমন, মাঠি উঠানো, স্টেকিং, স্পাইক কেটে দেয়া)<br>• ফুল সংগ্রহ, ফলন, করম উত্তোলন ও সংরক্ষণ | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |
| ১০.৩০- ১১.০০ | চা বিরতি | | | |
| ১১.০০ - ১২.০০ | **সেশন ০৫ঃ**<br>রজনীগন্ধার আধুনিক উৎপাদন কলাকৌশল | • জলবায়ু, মাটি, বংশবিস্তার,<br>• জমি নির্বাচন ও জমি তৈরি, বীজ/বাল্ব বপন সময়, বাল্ব বপন দূরত্ব এবং গভীরতা, সার প্রয়োগ,<br>• অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ, আগাছা দমন)<br>• ফুল সংগ্রহ, ফলন, বাল্ব উত্তোলন ও সংরক্ষন, রেটুন ফসল | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |
| ১২.০০ - ০১.০০ | **সেশন ০৬ঃ**<br>ফুল চাষে উত্তম কৃষি চর্চা (GAP) | • উত্তম কৃষি চর্চা বলতে কি বুঝায় এবং এর গুরুত্ব কি?<br>• ফুল চাষে উত্তম কৃষি চর্চার ভূমিকা কি<br>• GAP এর প্রত্যয়ন অর্জনের জন্য একজন চাষী/চাষীগ্রুপের-কে কি কি কাজ সম্পন্ন করতে হয়? | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| ০১.০০ - ০২.০০ | নামাজ ও দুপুরের খাবার বিরতি | | | |
| ০২.০০ - ০৩.১৫ | **সেশন ০৭ঃ** জারবেরার আধুনিক উৎপাদন কলাকৌশল | • জলবায়ু, মাটি, বংশবিস্তার,<br>• জমি তৈরি, বেড তৈরি, চারা রোপণ, সার প্রয়োগ,<br>• অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ, আগাছা দমন, মাটি আঁচড়ানো, পুরানো পাতা ফেলে দেয়া),<br>• ফুল সংগ্রহ, ফলন | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |
| ০৩.১৫ - ০৪.৪৫ | **সেশন ০৮ঃ** বাণিজ্যিক ফুল উৎপাদনে মানসম্পন্ন বংশবিস্তারক উপাদান উৎপাদন পদ্ধতি | • ফুলের মান সম্পন্ন বংশবিস্তারক উপাদান (বীজ/চারা/বাল্ব/কর্ম) উৎপাদন কৌশল | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |
| ০৪.৪৫-০৫.০০ | বিকেলের নাস্তা ও ২য় দিনের প্রশিক্ষণ সমাপ্তি | | | |
| দিবস-৩ | | | | |
| ০৯.০০ - ০৯.১৫ | গত দিনের সংক্ষিপ্তবৃত্তি | • গ্লাডিওলাস, রজনীগন্ধা ও জারবেরা ফুল চাষের বিভিন্ন বিষয় সংক্ষিপ্ত পুনঃআলোচনা করা<br>• উত্তম কৃষি চর্চা বিষয় সংক্ষিপ্ত পুনঃআলোচনা করা<br>• ফুলের মান সম্পন্ন বংশবিস্তারক উপাদান উৎপাদন বিষয়ক সংক্ষিপ্ত পুনঃআলোচনা করা | অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ০৯.১৫ - ১০.১৫ | **সেশন ০৯ঃ** গাঁদার আধুনিক উৎপাদন কলাকৌশল | • জলবায়ু, মাটি, বংশবিস্তার,<br>• জমি নির্বাচন ও জমি তৈরি, চারা রোপণ, রোপণ দূরত্ব, সার প্রয়োগ<br>• অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ, আগাছা দমন, শাখা ভাঙ্গা, ডেডহেডিং),<br>• ফুল সংগ্রহ, ফলন | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |
| ১০.১৫- ১০.৪৫ | চা বিরতি | | | |
| ১০.৪৫ - ১২.০০ | **সেশন ১০ঃ** বাণিজ্যক ফুলের ভ্যালু-চেইন বিষয়ক সাম্যক ধারণা | • ভ্যালু-চেইন কা'কে বলে<br>• ফুল ব্যবসা ক্ষেত্রে কোন কোন ”এ্যাক্টর” জড়িত? তাদের দায়িত্বসমূহ<br>• একটি ভ্যালু-চেইন-এ সম্মুখ ও পশ্চাদ ”এ্যাক্টর” কা'কে বলে, তা'রা কিভাবে কাজ করে?<br>• ফুলের একটি কার্যকর ও টেকসই ভ্যালু চেইন ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত বিষয়সমূহ | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২.০০ - ০১.০০ | **সেশন ১১ঃ**<br>লিলিয়ামের আধুনিক উৎপাদন কলাকৌশল | ● জলবায়ু, মাটি, বংশবিস্তার,<br>● জমি ও বেড তৈরি, বাল্ব বপন সময়, বাল্ব বপন পদ্ধতি, সার ব্যবস্থাপনা<br>● অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ ও পানি নিষ্কাশন, আগাছা দমন, স্টেকিং, মালচিং),<br>● ফুল সংগ্রহ, ফলন, বাল্ব উত্তোলন ও সংরক্ষণ | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রণমূলক আলোচনা | প্রশিক্ষক |
| ০১.০০ - ০২.০০ | নামাজ ও দুপুরের খাবার বিরতি | | | |
| ০২.০০-০৩.৩০ | **সেশন ১২ঃ**<br>বাণিজ্যিকভাবে চাষকৃত ফুলের পোকা ও অন্যান্য আপদ দমন ব্যবস্থাপনা | ● ফুলের ক্ষতিকারক পোকা ও অন্যান্য আপদ যেমন পাখি, শিয়াল, কুকুর ইত্যাদি কর্তৃক ক্ষতির ধরণ<br>● ক্ষতির লক্ষণ দেখে পোকা ও অন্যান্য আপদ দমন ব্যবস্থাপনা | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন, অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |
| ০৩.৩০ - ০৪.৪৫ | **সেশন ১৩ঃ**<br>বাণিজ্যকভাবে চাষকৃত ফুলের রোগ দমন ব্যবস্থাপনা | ● বিভিন্ন ফুলের রোগ ও রোগের লক্ষণ,<br>● ফুলের বিভিন্ন রোগের প্রতিকার এবং বালাইনাশক প্রয়োগ মাত্রা | বক্তৃতা, মাল্টিমিয়িা প্রদর্শন অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |
| ০৪.৪৫ - ০৫.০০ | বিকেলের নাস্তা ও ৩য় দিনের প্রশিক্ষণ সমাপ্তি | | | |
| দিবস-৪ | | | | |
| ০৯.০০ - ০৯.১৫ | গত দিনের সংক্ষিপ্তবৃত্তি | ● গাঁদা ও লিলিয়াম ফুল চাষের বিভিন্ন বিষয় সংক্ষিপ্ত পুনঃআলোচনা করা<br>● বিভিন্ন ফুলের রোগ ও পোকা নিয়ে পুনঃআলোচনা<br>● ফুলের ভ্যালু চেইন নিয়ে পুনঃআলোচনা | অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ০৯.১৫- ১০.০০ | **সেশন ১৪ঃ**<br>বাণিজ্যিক ফুলের রপ্তানি বাজার বিষয়ক ধারণা | ● আন্তর্জাতিক ফুল বাণিজ্য ও বাণিজ্যিক ফুলের রপ্তানি বাজারের বর্তমান অবস্থা<br>● ফুল রপ্তানির ভবিষ্যৎ সম্ভাবনা<br>● ফুল রপ্তানির জন্য সরকারী নিয়ম-নীতি ও ফুল রপ্তানির সাথে সম্পৃক্ত কৌশলসমূহ<br>● রপ্তানিযোগ্য ফুল উৎপাদন কৌশল বিষয়ক ধারণা<br>● কৃষি ক্ষেত্রে ”ফাইটো-স্যানিটারী” ও সঙ্গরোধ/কোয়ারিন্টিন ব্যবস্থাপনা কি?<br>● ফুল রপ্তানি ক্ষেত্রে বিদ্যমান সমস্যাসমূহ<br>● ভবিষ্যৎ করণীয় | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০.০০- ১০.১৫ | **সেশন ১৫ঃ**<br>বাণিজ্যিক ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শন | • উদ্দেশ্য ও পরিদর্শনকালীন নিয়ম-নীতি<br>• পরিদর্শনকালীন দল গঠন ও নেতা নির্বাচন | বক্তৃতা, দলীয় অংশগ্রহণ ও অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ১০.১৫- ১০.৩০ | চা বিরতি | | | |
| ১০.৩০ - ০১.৩০ | বাণিজ্যিক ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শন (চলমান) | • বাণিজ্যিকভাবে উৎপাদিত ২/৩টি ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শন | বক্তৃতা, অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ০১.৩০ - ০২.৩০ | নামাজ ও দুপুরের খাবার বিরতি | | | |
| ০২.৩০ - ০৪.৪৫ | বাণিজ্যিক ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শনের অভিজ্ঞতা | • অভিজ্ঞতা বর্ণনা<br>• অভিজ্ঞতার আলোকে প্রশ্ন-উত্তর পর্ব | অংশগ্রহণমূলক আলোচনা | প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ০৪.৪৫ - ০৫.০০ | বিকেলের নাস্তা ও ৪র্থ দিনের প্রশিক্ষণ সমাপ্তি | | | |

দিবস-৫

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯.০০ - ০৯.১৫ | গত দিনের সংক্ষিপ্তবৃত্তি | • বাণিজ্যিক ফুলের রপ্তানি বিষয়ক পুনঃআলোচনা<br>• বাণিজ্যিক খামার পরিদর্শনের অভিজ্ঞতা আলোচনা | অংশগ্রহনমূলক আলোচনা | প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ০৯.১৫ - ১০.৩০ | **সেশন ১৬ঃ**<br>ফুল সংগ্রহোত্তর ব্যবস্থাপনা ও মূল্য সংযোজন | • ফুল সংগ্রহোত্তর ব্যবস্থাপনার গুরুত্ব ও ফুলের জীবনকাল কমে যাবার কারনসমূহ,<br>• ফুলের জীবনকাল প্রভাবিত করার বিভিন্ন উপাদানসমূহ,<br>• ফুলের সংগ্রহোত্তর জীবনকাল বৃদ্ধিতে সংগ্রহ পূর্ববর্তী ও সংগ্রহকালীন নিয়ামক সমূহ,<br>• বিভিন্ন সংগ্রহোত্তর হ্যাণ্ডলিং যেমন প্রাক-শীতলীকরণ, পাতা ছাড়ানো, পানিতে রাখা, বাছাই, শ্রেণিবিন্যাস /গ্রেডিং, ক্যাপ পরানো, আঁটি বাধা, মোড়ানো, মোড়কায়ন/প্যাকেজিং এর ভূমিকা<br>• ফুল সংগ্রহোত্তর ব্যবস্থাপনায় পরিবহণ, কোল্ড স্টোরেজ ও বাজারজাতকরণ এর ভূমিকা | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন ও অংশগ্রহনমূলক আলোচনা | প্রশিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | • ফুলের মূল্য সংযোজন কি? কিভাবে ফুলের মূল্য সংযোজন করা যেতে পারে | | |
| ১০.৩০- ১১.০০ | চা বিরতি | | | |
| ১১.০০- ১২.০০ | **সেশন ১৭ঃ** বাণিজ্যিকভাবে চাষকৃত ফুলের আয় ও ব্যয় | • বাংলাদেশে বাণিজ্যিকভাবে চাষকৃত কয়েকটি ফুলের উৎপাদন খরচ ও আয়ের হিসাব<br>• কৃষক কোন বাণিজ্যিক ফুল চাষ করবেন - সেই সিদ্ধান্ত গ্রহনের প্রক্রিয়া | বক্তৃতা, মাল্টিমিডিয়া প্রদর্শন, অংশগ্রহণমূলক আলোচনা ও দলীয় কাজ | প্রশিক্ষক |
| ১২.০০- ০১.০০ | **সেশন ১৮ঃ** ফুলের বাজার, বাজার সংযোগ উন্নয়ন ও নেটওয়ার্কিং | • বাজার ও বাজারজাতকরণ কি এবং ফুল ব্যবসার ঝুঁকিসমূহ কি কি?<br>• ব্যবসা পরিকল্পনা বিষয়ক ধারণা<br>• ফুল ব্যবসা ক্ষেত্রে দল ও "যৌথ কার্যক্রম"-এর গুরুত্ব ও ব্যবসায়িক মুনাফার সুযোগ,<br>• সংযোগ উন্নয়ন ও নেটওয়ার্কিং - ব্যবসায়িক দিক থেকে এর গুরুত্ব<br>• ফুল ব্যবসা ক্ষেত্রে "আইসিটি এ্যাপ্স"-এর ব্যবহার, গুরুত্ব ও ব্যবহার কৌশল | বক্তৃতা, অংশগ্রহণমূলক আলোচনা ও দলীয় কাজ | প্রশিক্ষক |
| ০১.০০ - ০২.০০ | নামাজ ও দুপুরের খাবার বিরতি | | | |
| ০২.০০ - ০২.৪৫ | প্রশিক্ষণ উত্তর মূল্যায়ণ | • বাণিজ্যিক ফুল চাষ, সংগ্রহোত্তর কার্যক্রম ও বাজার এবং জেন্ডার বিষয়ক প্রশ্ন | লিখিত পরীক্ষা | প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ০২.৪৫ - ০৩.৩০ | প্রশিক্ষনার্থী কর্তৃক ৫ দিনের প্রশিক্ষণ মূল্যায়ণ | • প্রশিক্ষণ আয়োজন ও ব্যবস্থাপনা<br>• প্রশিক্ষণ সহায়তাকারীগনের দক্ষতা ও বিষয়বস্তু সহজবোদ্ধ উপস্থাপনা<br>• খাবার ও ম্যানুয়াল/লজিস্টিকস | মোড-মিটার, এমসিকিউ ফরমেট | প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ০৩.৩০ - ০৪.৪৫ | ৫ দিনের প্রশিক্ষণ সমাপ্তি | • বক্তৃতা/মতামত প্রদান<br>• প্রশিক্ষণার্থীদের সন্মানী প্রদান<br>• প্রশিক্ষণ সনদপত্র বিতরণ | বক্তৃতা ও আলোচনা | প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/অন্যান্য দপ্তর, বন্ধন সোসাইটি প্রতিনিধি, প্রশিক্ষক/ সমন্বয়কারী/ প্রশিক্ষণ সহায়তাকারীগণ |
| ০৪.৪৫ - ০৫.০০ | বিকেলের নাস্তা, ৫ দিনের প্রশিক্ষণ সমাপ্তি ও প্রশিক্ষণার্থীদের প্রস্থান | | | |

# প্রশিক্ষণ মডিউল

## সেশন ১ঃ বাংলাদেশে বাণিজ্যিক ফুল চাষঃ বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ সম্ভাবনা

বাংলাদেশে বাণিজ্যিকভাবে উৎপাদিত ফুলসমূহের পরিচিতি,
গুরুত্ব, সুযোগ এবং ভবিষ্যৎ সম্ভাবনা।

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**
**মোট সময়: ১.০ ঘন্টা**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩০ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ১৫ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হার্ডবোর্ড, বড় স্কেল, হোয়াইট বোর্ড ও বোর্ড মার্কার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্ব প্রস্তুতি:**

প্রশিক্ষক বিভিন্ন ধরনের বাণিজ্যিক ফুলের পরিচিতি, অর্থনৈতিক গুরুত্ব ও ভবিষ্যত সম্ভাবনা বিষয়ক মাল্টিমিডিয়াতে উপস্থাপন যোগ্য প্রতিবেদন তৈরী করে রাখবেন।

## ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। প্রত্যেক অংশগ্রহণকারী যাতে সাচ্ছন্দ্য বোধ করেন সে জন্য অর্ধ-বৃত্তাকার অথবা ইউ-আকৃতির বসার ব্যবস্থা করবেন। তারপর প্রশিক্ষক সেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং বলতে পারবেন ।

- বাংলাদেশে বাণিজ্যিক ফুলের বর্তমান অবস্থা এবং গুরুত্ব সম্পর্কে জানা।
- বাংলাদেশে বাণিজ্যিক ফুল চাষ ও ব্যবসার সুযোগ, সম্ভাবনা ও লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- বাণিজ্যিকভাবে বাংলাদেশে যে যে ফুল চাষ হচ্ছে এবং ভবিষ্যতে চাষ করার সুযোগ আছে তার নাম ও তার সম্পর্কে বলতে পারবে।

## ধাপ-২: প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশের বাণিজ্যিক ফুল সেক্টরের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে;

- আপনার এলাকায় কোন কোন ফুলের চাষাবাদ হয়ে থাকে?
- বর্তমানে ফুল চাষের জমি ও ফুলের পরিমান কেমন? কেমন লাভ হচ্ছে?
- ফুল চাষের উপকরণ সহজলভ্য কি-না?
- আমাদের দেশে বানিজ্যিক ফুল সেক্টরের সম্ভাবনা কেমন?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক বাণিজ্যিক ফুল সেক্টরের বর্তমান অবস্থা, গুরুত্ব এবং সম্ভাবনা নিয়ে আলোচনা শুরু করবেন। তা'ছাড়া প্রশিক্ষক মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে বাংলাদেশে বাণিজ্যিকভাবে উৎপাদিত ফুলসমূহের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- দেশে বাণিজ্যিক ফুল উৎপাদনের বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- বাংলাদেশের কোন কোন এলাকায় ফুল চাষ হচ্ছে?
- বাণিজ্যিক ফুল সেক্টরে নারীদের অংশগ্রহণের সুযোগ আছে কিনা?
- অন্য এলাকাগুলোতে এর চাষ বাড়াতে হলে কি করতে হবে?
- বাংলাদেশে বাণিজ্যিকভাবে চাষযোগ্য ফুলগুলো কি?
- বাণিজ্যিক ফুল উৎপাদনের অর্থনৈতিক গুরুত্ব কি ?
- আমরা বাণিজ্যিক ফুল ব্যবসার সম্ভাবনার সম্ভাব্য স্তরে পৌঁছাতে পারিনি কেন? সমস্যাগুলি কি কি?
- বাণিজ্যিক ফুল সেক্টরের সমস্যাসমূহ কিভাবে সমাধান করে এগিয়ে নেয়া যাবে?

## ধাপ-৪: সারসংক্ষেপ

এ পর্যায়ে প্রশিক্ষক সবার কাছে প্রশ্ন আহ্বান করবেন। তারপর অংশগ্রহণকারীদেরকে এই সেশনের আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে জিজ্ঞেস করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন। প্রশিক্ষক পুরো সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন এবং সবাইকে ধন্যবাদ দিয়ে এই সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# সেশন ২: গোলাপের আধুনিক উৎপাদন কলাকৌশল

জলবায়ু, মাটি, বংশবিস্তার, জমি নির্বাচন, জমি তৈরি, চারা রোপন, সার প্রয়োগ, অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ ও পানি নিষ্কাশন, ডাল ছাঁটাই বা প্রুনিং, আগাছা দমন), ফুল সংগ্রহ, ফলন।

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**
**মোট সময়: ১ ঘন্টা ৩০ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ১০ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১৫ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৪০ মিনিট |
| ৫ | সেশনের সারসংক্ষেপ | ২৫ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইটবোর্ড, বোর্ড-মার্কার ইত্যাদি। ডালসহকারে গোলাপের ফুল, চারা, বিভিন্ন জাতের গোলাপের নমুনা, বিভিন্ন ধরনের সারের নমুনা, ফুল সংগ্রহে ব্যবহার্য সরঞ্জাম/যন্ত্র, সিকেচার ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। এছাড়া প্রশিক্ষণার্থীদেরকে গোলাপ চাষের বিভিন্ন দিক ও গোলাপের আন্তঃপরিচর্যা কাজসমূহ কখন কিভাবে করতে হয় তা দেখানোর জন্য প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা তৈরী করে রাখবেন।

## ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক অধিবেশনের আলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই সেশনে গোলাপ চাষের কি কি বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- আধুনিক গোলাপ চাষাবাদের উপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- গোলাপ চাষাবাদের লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- অধিক ফুল উৎপাদনের জন্য আন্তঃপরিচর্যার কৌশল ও গুরুত্ব সম্পর্কে জানা।
- ফুল সংগ্রহের সঠিক সময় ও ফুল উত্তোলনের কৌশল সম্পর্কে জানা।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে গোলাপ চাষের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। তিনি বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে;

- আপনাদের মধ্যে কে কে গোলাপ চাষ করেন? কি ভাবে আবাদ করে থাকেন?
- গোলাপ চাষে আপনাদের কোন সমস্যা আছে কি-না?
- গোলাপ চাষের সুবিধা বা উপকারিতা কি কি?
- আপনারা কি মান-সম্পন্ন গোলাপ উৎপাদন করে থাকেন?
- গোলাপের ডাল ছাঁটাই কখন কিভাবে করতে হয় জানা আছে কিনা?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক গোলাপের বাণিজ্যিক উৎপাদনের সম্ভাবনা ও গুরুত্ব নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন। প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে পুরো চাষাবাদ ও ফুল উৎপাদন কৌশল তুলে ধরবেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে সকল প্রশিক্ষণার্থী যেন বুঝতে পেরেছে সেটি নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- গোলাপ উৎপাদনের বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- গোলাপ উৎপাদনের অর্থনৈতিক গুরুত্ব কি ?
- গোলাপ চাষের জলবায়ু, মাটি ও স্থান কেমন হওয়া উচিৎ?
- গোলাপের ভাল চারা বা জাত কিভাবে চিনতে পারবো?
- গোলাপে কি ধরনের আন্তঃপরিচর্যা জরুরী?
- কিভাবে সারা বছর ব্যাপি গোলাপ উৎপাদন করা যেতে পারে?
- ফুল সংগ্রহের সঠিক সময় কিভাবে বুঝা যাবে?
- আপনারা কিভাবে গোলাপের ফুল উত্তোলন করে থাকেন?

## ধাপ-৪: সারসংক্ষেপ

এই পর্যায়ে প্রশিক্ষক সবার কাছে প্রশ্ন আহ্বান করবেন, কারও কোন বিষয়ে বোঝার ঘাটতি থাকলে পুনঃআলোচনা করবেন। তারপর অংশগ্রহণকারীদেরকে এই সেশনের আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে জিজ্ঞাসা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন। এবার প্রশিক্ষক পুরো সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন এবং সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# সেশন ৩: বাংলাদেশে ফুল সেক্টর ও জেন্ডার ধারণা

(জেন্ডার বলতে কি বুঝায়? জেন্ডার ও লিঙ্গের পার্থক্য, জেন্ডার সমতা ও সাম্যতা পর্যালোচনা, সমাজে জেন্ডার বৈষম্য ও জেন্ডার ভূমিকা পর্যালোচনা, বাংলাদেশের ফুল সেক্টরে বিদ্যমান বৈষম্যসমূহ, বাণিজ্যিক ফুল সেক্টরে নারীদের বর্তমান ভূমিকা ও অংশগ্রহণ, ফুল সেক্টরে বিদ্যমান বৈষম্য কমিয়ে নারীদের অধিকতর সম্পৃক্ততার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা।)

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**

**মোট সময়: ১.০ ঘন্টা ১৫ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | গময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩০ মিনিট |
| ৪ | দলীয় কাজ | ১৫ মিনিট |
| ৫ | সেশনের সারসংক্ষেপ | ১৫ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইটবোর্ড, বোর্ড-মার্কার ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্ব প্রস্তুতি:**

প্রশিক্ষক ফুল সেক্টরে নারী ও পুরুষের কাজের লিস্ট, জেন্ডার ও লিঙ্গের পার্থক্য এবং ছোট দলে কাজ করার জন্য ব্রাউন পেপারে ছক ও প্রশ্ন তৈরী করে রাখবেন।

## ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক এই অধিবেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই অধিবেশনে কি কি বিষয়ের ওপর আলোচনা হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- জেন্ডার বিষয়ে প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- ফুল সেক্টরের কোন্ কোন্ বিষয়ে/স্থানে নারীদের অংশগ্রহণের সুযোগ আছে তা' জানা।
- নারী ও পুরুষের ক্ষেত্রে সমতা ও সাম্যতার পার্থক্য সম্পর্কে জানা।
- ফুল সেক্টরে জেন্ডার উন্নয়নের সুবিধা বা লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- ফুল সেক্টরে নারীদের অংশগ্রহণে সমাজের অগ্রণী ভূমিকা সম্পর্কে জানা।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক ফুল সেক্টরে নারীদের অংশগ্রহণের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে;

- আপনার এলাকায় ফুল সেক্টরে নারীরা কি কি ধরনের কাজ করে থাকেন?
- জেন্ডার কথাটি আপনারা জানেন কিংবা শুনেছেন কিনা?
- ফুল সেক্টরে নারীদের আর কোন কোন কাজ করার সুযোগ আছে?
- নারী-পুরুষের ক্ষেত্রে আমরা সমতা এবং সাম্যতা বলতে কি বুঝি?
- ফুল সেক্টরে নারীদের এগিয়ে নেবার ক্ষেত্রে সমাজের কোন ভূমিকা আছে কিনা?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক ফুল সেক্টরে নারীদের অংশগ্রহণের সম্ভাবনা, গুরুত্ব এবং উপকারিতা নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- জেন্ডার কথাটি আপনারা শুনেছেন কিনা অথবা এর মানে কি?
- সমতা এবং সাম্যতা বলতে কি বুঝি বা এর ব্যাখ্যা কি ?
- ফুল সেক্টরে নারীদের কাজে কোন বাঁধা আছে কিনা?
- ফুল সেক্টরে নারীদের অংশগ্রহণের গুরুত্বসমূহ কি?
- ফুল সেক্টরে নারীদের অংশগ্রহণ বৃদ্ধিতে কি কি করা যেতে পারে?

## ধাপ-৪: দলীয় অনুশীলন

সহায়তাকারী সকল অংশগ্রহণকারীকে গোলাকারে দাঁড়াতে বলবেন। ফুল সেক্টরে নারীদের কি কি কাজ করার সুযোগ আছে সেই তালিকা তৈরির পদ্ধতিটি বুঝিয়ে দিবেন। প্রথমে ফুল সেক্টরে জমি তৈরি থেকে শুরু করে ভোক্তা পর্যন্ত ফুল পৌঁছে দেয়ার জন্য যত প্রকার কাজ আছে তার তালিকা করতে হবে; এরপর কোন কাজটি পুরুষ একা, কোন কাজটি নারী একা এবং কোন কাজটি উভয়ের করার সুযোগ আছে তার ভিত্তিতে তালিকাটি সম্পন্ন করতে হবে। প্রথমে, ১টি দল তাদের কাজ উপস্থাপনা করবেন এবং বাকী দলগুলো মিলিয়ে নিবেন। যদি কোন দলের সাথে গরমিল হয় তবে সহায়তাকারী আলোচনার মাধ্যমে সংযোজন বা বিয়োজন করে নিবেন। শেষে, সবাই মিলে পুরো কাজটি আর একবার দেখে নিবেন এবং পূনঃআলোচনার মাধ্যমে নারীদের ফুল সেক্টরে কাজের সুযোগ দলীয় অনুশীলনটি শেষ করবেন।

## ধাপ-৫: সারসংক্ষেপ

দলীয় উপস্থাপনার পর প্রশিক্ষক আবার সবাইকে অর্ধ-বৃত্তাকারে বসতে বলবেন। সবার কাছে প্রশ্ন আহ্বান করবেন, কারো কোন বিষয়ে বুঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন । তারপর অংশগ্রহণকারীদেরকে এই সেশনের আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে জিজ্ঞেস করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং প্রশিক্ষক সেশনে আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করে এই সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন ৪ : গ্লাডিওলাসের আধুনিক উৎপাদন কলাকৌশল

জলবায়ু, মাটি, বংশবিস্তার, জমি নির্বাচন ও জমি তৈরি, বীজ/কর্‌ম বপন সময়, বীজ বপন পদ্ধতি, প্রয়োগ, অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ ও পানি নিষ্কাশন, আগাছা দমন, মাঠি উঠানো, স্টেকিং, স্পাইক কেটে দেয়া) ফুল সংগ্রহ, ফলন, কর্‌ম উত্তোলন ও সংরক্ষণ।

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**

**মোট সময়: ১ ঘন্টা ১৫ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১৫ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩৫ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ২০ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট বোর্ড, বোর্ড মার্কার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি। স্পাইকসহকারে গ্লাডিওলাস ফুল, বীজ/কর্‌ম, বিভিন্ন জাতের গ্লাডিওলাসের নমুনা, বিভিন্ন ধরনের সারের নমুনা, ফুল সংগ্রহে ব্যবহার্য সরঞ্জাম/যন্ত্র, সিকেচিয়ার ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। এছাড়া প্রশিক্ষণার্থীদেরকে গ্লাডিওলাস চাষের বিভিন্ন দিক ও আন্তঃপরিচর্যা কাজসমূহ কখন কিভাবে করতে হয় তা দেখানোর জন্য প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা তৈরী করে রাখবেন।

### ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক দিনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই সেশনে গ্লাডিওলাস চাষের কি কি বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- আধুনিক গ্লাডিওলাস চাষাবাদের উপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- গ্লাডিওলাস চাষাবাদের লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- অধিক ফুল উৎপাদনের জন্য আন্তঃপরিচর্যার কৌশল ও গুরুত্ব সম্পর্কে জানা।
- ফুল সংগ্রহের সঠিক সময় ও ফুল উত্তোলনের কৌশল সম্পর্কে জানা।
- কর্‌ম উত্তোলন ও সংরক্ষণ কৌশল সম্পর্কে জানা।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে গ্লাডিওলাস চাষের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে;

- আপনাদের মধ্যে কে কে গ্লাডিওলাস চাষ করেন? কি ভাবে আবাদ করে থাকেন?
- গ্লাডিওলাস চাষে আপনাদের কোন সমস্যা আছে কি-না?
- গ্লাডিওলাস চাষের সুবিধা বা উপকারিতা কি? কি?
- আপনারা কি গ্লাডিওলাস উৎপাদনের জন্য কর্ম উত্তোলন ও সংরক্ষণ করে থাকেন?
- পরিকল্পনা মাফিক গ্লাডিওলাস উৎপাদন করেন কিনা?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক বাংলাদেশে গ্লাডিওলাসের বাণিজ্যিক উৎপাদনের সম্ভাবনা ও গুরুত্ব নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন। প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে পুরো চাষাবাদ ও ফুল উৎপাদন কৌশল তুলে ধরবেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে সকল প্রশিক্ষণার্থী যেন বুঝতে পারে সেটি নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- গ্লাডিওলাস উৎপাদনের বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- গ্লাডিওলাস উৎপাদনের অর্থনৈতিক গুরুত্ব কি ?
- গ্লাডিওলাস চাষের জলবায়ু, মাটি ও স্থান কেমন হওয়া উচিৎ?
- গ্লাডিওলাসের ভাল চারা বা জাত কিভাবে চিনতে পারবো?
- গ্লাডিওলাসে কি ধরনের আন্তঃপরিচর্যা জরুরী?
- ফুল সংগ্রহের সঠিক সময় কিভাবে বোঝা যাবে?
- আপনারা কিভাবে গ্লাডিওলাস ফুল উত্তোলন/সংগ্রহ করে থাকেন?

## ধাপ-৪: সারসংক্ষেপ

এই পর্যায়ে প্রশিক্ষক সবার কাছে প্রশ্ন আহ্বান করবেন, কারো কোন বিষয়ে বোঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন। তারপর অংশগ্রহণকারীদেরকে এই সেশনের আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে জিজ্ঞাসা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন। প্রশিক্ষক পুরো সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন এবং সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# সেশন ৫: রজনীগন্ধার আধুনিক উৎপাদন কলাকৌশল

(জলবায়ু, মাটি, বংশবিস্তার, জমি নির্বাচন ও জমি তৈরি, বীজ/বাল্ব বপন সময়, বাল্ব বপন দূরত্ব এবং গভীরতা, সার প্রয়োগ, অর্ন্তবর্তীকালীন পরিচর্যা (সেচ, আগাছা দমন) ফুল সংগ্রহ, ফলন, বাল্ব উত্তোলন ও সংরক্ষণ, রেটুন ফসল)

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**

**মোট সময়: ১.০ ঘন্টা**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩০ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ১৫ মিনিট |

## উপকরণ:

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট বোর্ড, বোর্ড মার্কার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি। রজনীগন্ধা ফুল, চারা/বাল্ব, বিভিন্ন জাতের রজনীগন্ধার নমুনা, বিভিন্ন ধরনের সারের নমুনা, ফুল সংগ্রহে ব্যবহার্য্য সরঞ্জাম/যন্ত্র, সিকেচিয়ার ইত্যাদি।

## প্রশিক্ষকের পূর্ব প্রস্তুতি:

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। এছাড়া প্রশিক্ষণার্থীদেরকে রজনীগন্ধা চাষের বিভিন্ন দিক এবং আন্তঃপরিচর্যা কাজসমূহ কখন কিভাবে করতে হয় তা দেখানোর জন্য প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা তৈরী করে রাখবেন।

## ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক সেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই সেশনে রজনীগন্ধা চাষের কি কি বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- আধুনিক রজনীগন্ধা চাষাবাদের উপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- রজনীগন্ধা চাষাবাদের লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- অধিক ফুল উৎপাদনের জন্য আন্তঃপরিচর্যার কৌশল ও গুরুত্ব সম্পর্কে জানা।
- ফুল সংগ্রহের সঠিক সময় ও ফুল উত্তোলনের কৌশল সম্পর্কে জানা।
- রজনীগন্ধার বাল্ব উত্তোলন ও সংরক্ষণ কৌশল সম্পর্কে জানা।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে রজনীগন্ধা চাষের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা শুরু করা যেতে পারে:

- আপনাদের মধ্যে কে কে রজনীগন্ধা চাষ করেন? কি ভাবে চাষাবাদ করে থাকেন?
- রজনীগন্ধা চাষে আপনাদের কোন সমস্যা আছে কি-না?
- রজনীগন্ধা চাষের সুবিধা বা উপকারিতা কি কি?
- মান সম্পন্ন রজনীগন্ধা ফুল কিভাবে উৎপাদন করা যায়?
- আপনারা রজনীগন্ধার চারা কিভাবে উৎপাদন করে থাকেন?
- রজনীগন্ধা উৎপাদনে কখন কিভাবে সার প্রয়োগ করেন?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক রজনীগন্ধার বাণিজ্যিক উৎপাদনের সম্ভাবনা ও গুরুত্ব নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন। প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে পুরো চাষাবাদ ও ফুল উৎপাদন কৌশল তুলে ধরবেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে সকল প্রশিক্ষণার্থী যেন বুঝতে পেরেছে সেটি নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- রজনীগন্ধা ফুল উৎপাদনের বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- রজনীগন্ধা ফুল উৎপাদনের অর্থনৈতিক গুরুত্ব কি?
- রজনীগন্ধা চাষের জলবায়ু, মাটি ও স্থান কেমন হওয়া উচিৎ?
- রজনীগন্ধার ভাল চারা বা জাত কিভাবে চিনতে পারা যায়?
- রজনীগন্ধা ফুল চাষে কি ধরনের আন্তঃপরিচর্যা জরুরী?
- রজনীগন্ধার ফুল উৎপাদন বৃদ্ধিতে কখন কিভাবে সার প্রয়োগ করা যেতে পারে?
- ফুল সংগ্রহের সঠিক সময় কিভাবে বোঝা যাবে?
- আপনারা কিভাবে রজনীগন্ধার বাল্ব উত্তোলন ও সংরক্ষণ করে থাকেন?

## ধাপ-৪: সারসংক্ষেপ

পরিশেষে প্রশিক্ষক সবার কাছে প্রশ্ন আহ্বান করবেন, কারো কোন বিষয়ে বোঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন। তারপর অংশগ্রহণকারীদেরকে এই সেশনের আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে জিজ্ঞাসা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন। প্রশিক্ষক পুরো সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন এবং সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন ৬: ফুল চাষে উত্তম কৃষি চর্চা (GAP)

উত্তম কৃষি চর্চা বলতে কি বুঝায় এবং এর গুরুত্ব, ফুল চাষে উত্তম কৃষি চর্চার ভূমিকা, GAP এর প্রত্যয়ন অর্জনের জন্য একজন চাষী/চাষীগ্রুপের কি কি কাজ সম্পন্ন করতে হয়

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**
**মোট সময়: ১.০ ঘন্টা**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩০ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ১৫ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট বোর্ড, বোঁড মার্কার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্ব প্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। এছাড়া প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদেরকে উত্তম কৃষি চর্চা, "ফাইটো-স্যানিটারী" ও সঙ্গরোধ/কোয়ারিন্টিন ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে বোঝানোর জন্য একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা তৈরী করে রাখবেন।

### ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক এই সেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশনের উদ্দেশ্য ও অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- উত্তম কৃষি চর্চা সেশনে কি কি বিষয়ের ওপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- উত্তম কৃষি চর্চা বুঝতে ও এর ওপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- উত্তম কৃষি চর্চার ভাল দিক/লাভজনক দিকগুলো সম্পর্কে জানা ও এর গুরুত্ব শেখা।
- উত্তম কৃষি চর্চার প্রত্যয়ন পত্র পেতে করণীয় সম্পর্কে জানা।
- "ফাইটো-স্যানিটারী" ও সঙ্গরোধ/কোয়ারিন্টিন ব্যবস্থাপনা কি সে সম্পর্কে জানা ও এর গুরুত্ব শেখা ।
- যথাযথ পরিমাণে কৃষি উপকরণ (সার, বালাইনাশক ইত্যাদি) ব্যবহারে ফুল চাষীদের উদ্বুদ্ধ করা।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে ফুল চাষে ব্যবহৃত উপকরণ এবং কৃষিতাত্ত্বিক কার্যক্রমের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে:

- আপনার এলাকায় ফুল চাষে শুরু থেকে শেষ পর্যন্ত কি কি কাজ কিভাবে হয়ে থাকে?
- উত্তম কৃষি চর্চা সম্মন্ধে আপনাদের ধারণা কি?
- বাজার থেকে কোন বীজ বা চারা আনার পর শোধন করেন কিনা? শোধন করলে কিভাবে করেন?
- যে কোন উপকরণ কিংবা যন্ত্রপাতি বাগানে নেবার পূর্বে সঙ্গরোধ/কোয়ারিন্টিন-এর ব্যবস্থা করেন কিনা?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক উত্তম কৃষি চর্চা, "ফাইটো-স্যানিটারী" এবং সঙ্গরোধ/কোয়ারিন্টিন কি এর গুরুত্ব এবং উপকারিতা নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে উত্তম কৃষি চর্চা, "ফাইটো-স্যানিটারী" এবং সঙ্গরোধ সংশ্লিষ্ট পুরো বিষয়টি প্রশিক্ষণার্থীদের মাঝে তুলে ধরবেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে সকলেই যেন বুঝতে পারে সেটি নিশ্চিত করবেন।

বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- আপনাদের এলাকায় ফুল উৎপাদনের কৃষিতাত্ত্বিক কাজগুলো কি এবং কিভাবে করেন?
- উত্তম কৃষি চর্চা সম্মন্ধে আপনারা জানেন কি? এর উপাদানসমূহ কি কি?
- উত্তম কৃষি চর্চার অর্থনৈতিক গুরুত্ব কি?
- ফাইটো-স্যানিটারী আপনারা বুঝেন কিনা, কিভাবে পালন করতে হয় জানেন কিনা?
- সঙ্গরোধ বা কোয়ারিন্টিন কি, ফুলের ক্ষেত্রে ব্যবস্থাপনাগুলো কি হবে?
- ফুল বাগানে অতিরিক্ত সার বা বালাইনাশক ব্যবহার করলে কি ধরনের ক্ষতি হতে পারে?

## ধাপ-৪: সারসংক্ষেপ

এ পর্যায়ে প্রশিক্ষক সবার কাছে প্রশ্ন আহ্বান করবেন, কারো কোথাও বোঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন। তারপর অংশগ্রহণকারীদেরকে সেশনে আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে জিজ্ঞেস করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং প্রশিক্ষক পুরো সেশনে আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। শেষে সবাইকে ধন্যবাদ দিয়ে এই সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# সেশন ৭: জারবেরার আধুনিক উৎপাদন কলাকৌশল

জলবায়ু, মাটি, বংশবিস্তার, জমি তৈরি, বেড তৈরি, চারা রোপণ, সার প্রয়োগ, অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ, আগাছা দমন, মাটি আঁচড়ানো, পুরানো পাতা ফেলে দেয়া), ফুল সংগ্রহ, ফলন

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**

**মোট সময়: ১ ঘন্টা ১৫ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১৫ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩৫ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ২০ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট বোর্ড, বোর্ড মার্কার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি। জারবেরা ফুল, চারা, বিভিন্ন জাতের জারবেরার নমুনা, বিভিন্ন ধরনের সারের নমুনা, ফুল সংগ্রহে ব্যবহার্য সরঞ্জাম/যন্ত্র, সিকেচিয়ার ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। এছাড়া প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদেরকে জারবেরা চাষের বিভিন্ন দিক এবং আন্তঃপরিচর্যা কাজসমূহ কখন কিভাবে করতে হয় তা দেখানোর জন্য একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা তৈরী করে রাখবেন।

## ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক এই অধিবেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই সেশনে জারবেরা চাষের কি কি বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- আধুনিক জারবেরা চাষাবাদের উপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- জারবেরা চাষাবাদের লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- অধিক ফুল উৎপাদনের জন্য আন্তঃপরিচর্যার কৌশল ও গুরুত্ব সম্পর্কে জানা।
- ফুল সংগ্রহের সঠিক সময় ও ফুল উত্তোলনের কৌশল সম্পর্কে জানা

### ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে জারবেরা চাষের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে;

- আপনাদের মধ্যে কে কে জারবেরার চাষ করেন? কি ভাবে আবাদ করে থাকেন?
- জারবেরা চাষে আপনাদের কোন সমস্যা আছে কি-না?
- জারবেরা ফুল চাষের সুবিধা বা উপকারিতা কি? কি?
- মান-সম্পন্ন এবং অধিক ফুল উৎপাদনের জন্য আপনারা কি কি করে থাকেন?

### ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক জারবেরার বাণিজ্যিক উৎপাদনের সম্ভাবনা ও গুরুত্ব নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে পুরো চাষাবাদ ও ফুল উৎপাদন কৌশল তুলে ধরবেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে সকল প্রশিক্ষণার্থী যেন বুঝতে পেরেছে সেটি এবং সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- জারবেরার উৎপাদনের বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- জারবেরার উৎপাদনের অর্থনৈতিক গুরুত্ব কি?
- জারবেরা চাষের জলবায়ু, মাটি ও স্থান কেমন হওয়া উচিৎ?
- জারবেরার ভাল চারা বা জাত কিভাবে চিনতে পারবো?
- জারবেরার কি ধরনের আন্তঃপরিচর্যা জরুরী?
- ফুল সংগ্রহের সঠিক সময় কিভাবে বোঝা যাবে?
- আপনারা কিভাবে জারবেরা ফুল উত্তোলন করে থাকেন?

### ধাপ-৪: সারসংক্ষেপ

এ পর্যায়ে সহায়তাকারী সবার কাছে প্রশ্ন আহ্বান করবেন, কারও কোথাও বোঝার ঘাটতি থাকলে পুনঃআলোচনা করবেন। অতপর অংশগ্রহণকারীদেরকে সেশনে আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে জিজ্ঞেস করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং সহায়তাকারী পুরো সেশনে আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। শেষে, সবাইকে ধন্যবাদ দিয়ে এই সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন ৮: বাণিজ্যিক ফুল উৎপাদনে মান সম্পন্ন বংশবিস্তারক উপাদান উৎপাদন পদ্ধতি।

ফুলের মান সম্পন্ন বংশবিস্তারক উপাদান যেমন - বীজ, চারা, বাল্ব, কর্‌ম ইত্যাদি উৎপাদন কৌশল

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**

**মোট সময়: ১.০ ঘন্টা ৩০ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ১০ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১৫ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৪৫ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ২০ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট বোর্ড ও বোর্ড মার্কার, মাল্টিমিডিয়া ও পর্দা ইত্যাদি। প্রশিক্ষণার্থীদের প্রদর্শনের জন্য বিভিন্ন ফুলের বীজ, চারা, বাল্ব, কাটিং ও কর্‌ম সংগ্রহ করতে হবে।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক মাল্টিমিডিয়াতে দেখানোর জন্য বিভিন্ন ফুলের বংশবিস্তার ও বংশবিস্তারক উপাদান উৎপাদন কৌশল বিষয়ক উপস্থাপনা তৈরী করে রাখবেন এবং উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন।

### ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন এবং অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক সেশনের আলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন -

- এই অধিবেশনে কি কি বিষয়ের উপর আলোচনা হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- ফুলের বংশবিস্তারক উপাদান উৎপাদন কৌশল বিষয়ে প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- বিভিন্ন ফুলের বংশবিস্তারক উপাদান উৎপাদন কৌশল সম্পর্কে জানা।
- গুনগত মান সম্পন্ন বংশবিস্তারক উপাদানের গুরুত্ব সম্পর্কে জানা।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে ফুলের বংশবিস্তারক উপাদানের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে:

- ফুলের খামার সৃজনে আপনারা কোথায় থেকে বীজ, চারা কিংবা বংশ বৃদ্ধির অন্যান্য উপকরণ পেয়ে থাকেন?
- আমাদের দেশে ফুলের বংশবিস্তারক উপাদান উৎপাদনের বর্তমান অবস্থা কিরূপ?
- কৃষক পর্যায়ে ফুলের বংশবিস্তারক উপাদান সহজলভ্য করতে কি করা প্রয়োজন?
- ফুলের বংশবিস্তারক উপাদান উৎপাদনের গুরুত্ব কি?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক বাংলাদেশে ফুলের বংশবিস্তারক উপাদান উৎপাদনের সম্ভাবনা, গুরুত্ব এবং উপকারিতা নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে বিভিন্ন ফুলের বংশবিস্তারক উপাদান উৎপাদনের পুরো কৌশল তুলে ধরবেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে সকল প্রশিক্ষণার্থী যেন বুঝতে পারে সেটি এবং সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- ফুলের বংশবিস্তারক উপাদান উৎপাদনের বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- ফুলের বংশবিস্তারক উপাদান উৎপাদনের অর্থনৈতিক গুরুত্ব কি?
- কিভাবে স্থানীয়ভাবে ফুলের বংশবিস্তারক উপাদান উৎপাদন করা যেতে পারে?
- বিভিন্ন ফুলের বংশবিস্তারক উপাদন উৎপাদন কৌশলসমূহ কি কি?

## ধাপ-৪: সারসংক্ষেপ

প্রশিক্ষক এবার সবার কাছে থেকে প্রশ্ন আহ্বান করবেন এবং এই সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন। কারও কোথাও বোঝার ঘাটতি থাকলে সেটি পুনঃআলোচনা করবেন। প্রশিক্ষণার্থীদের থেকে পাওয়া সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। সবশেষে সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# সেশন ৯: গাঁদার আধুনিক উৎপাদন কলাকৌশল

জলবায়ু, মাটি, বংশবিস্তার, জমি নির্বাচন ও জমি তৈরি, চারা রোপণ, রোপণ দূরত্ব, সার প্রয়োগ, অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ, আগাছা দমন, শাখা ভাঙ্গা, ডেডহেডিং), ফুল সংগ্রহ ও ফলন।

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**

**মোট সময়: ১.০ ঘন্টা**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১৫ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩০ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ১০ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট বোর্ড, বোর্ড র্মাকার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি। কান্ড-পাতাসহকারে কয়েকটি গাঁদা ফুল, চারা, বিভিন্ন জাতের গাঁদার নমুনা, বিভিন্ন ধরনের সারের নমুনা, ফুল সংগ্রহে ব্যবহার্য সরঞ্জাম/যন্ত্র, সিকেচার ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। এছাড়া প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদেরকে গাঁদা চাষের বভিন্ন দিক এবং আন্তঃপরিচর্যার কাজসমূহ কখন কিভাবে করতে হয় তা দেখানোর জন্য একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা তৈরী করে রাখবেন।

**ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য**

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক সেশনের আলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই সেশনে গাঁদা ফুল চাষের কী কী বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- আধুনিক গাঁদা চাষাবাদের ওপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- গাঁদা চাষাবাদের লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- অধিক ফুল উৎপাদনের জন্য আন্তঃপরিচর্যার কৌশল ও গুরুত্ব সম্পর্কে জানা।
- ফুল উৎপাদন বৃদ্ধিতে সার প্রয়োগ এর সময় ও মাত্রা সম্পর্কে জানা।
- ফুল সংগ্রহের সঠিক সময় ও ফুল উত্তোলনের কৌশল সম্পর্কে জানা।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে গাঁদা চাষের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে:

- আপনাদের মধ্যে কে কে গাঁদা চাষ করেন? কিভাবে চাষাবাদ করে থাকেন?
- গাঁদা চাষের জমি তৈরী ও চারা রোপন কিভাবে করেন?
- গাঁদা উৎপাদনে আন্তঃপরিচর্যার জন্য কি কি কাজ করে থাকেন?
- গাঁদা চাষে আপনাদের কোন সমস্যা আছে কি-না?
- গাঁদা চাষের সুবিধা বা উপকারিতা কি কি?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক গাঁদার বাণিজ্যিক উৎপাদনের সম্ভাবনা ও গুরুত্ব নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে পুরো চাষাবাদ ও ফুল উৎপাদন কৌশল তুলে ধরবেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে সকল প্রশিক্ষণার্থী যেন বুঝতে পারে সেটি এবং সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- গাঁদা উৎপাদনের বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- গাঁদা উৎপাদনের অর্থনৈতিক গুরুত্ব কি?
- গাঁদা চাষের জলবায়ু, মাটি ও স্থান কেমন হওয়া উচিৎ?
- গাঁদার ভাল চারা বা জাত কিভাবে চিনতে পারবো?
- গাঁদা চাষে কি ধরনের আন্তঃপরিচর্যা জরুরী?
- গাঁদা উৎপাদন বৃদ্ধিতে কখন কিভাবে সার প্রয়োগ করা যেতে পারে?
- ফুল সংগ্রহের সঠিক সময় কিভাবে বুঝা যাবে?
- আপনারা কিভাবে গাঁদা ফুল উত্তোলন করে থাকেন?

## ধাপ-৪: সারসংক্ষেপ

প্রশিক্ষক এবার সবার কাছ থেকে প্রশ্ন আহ্বান করবেন, কারও কোথাও বোঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন এবং এই সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। সবশেষে সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# সেশন ১০: বাণিজ্যিক ফুলের ভ্যালু-চেইন বিষয়ক সাম্যক ধারণা

বাজার পদ্ধতি কি, ভ্যালু-চেইন কা'কে বলে, ফুল ব্যবসা ক্ষেত্রে জড়িত এ্যাক্টরগণ, তাদের দায়িত্বসমূহ, একটি ভ্যালু-চেইন-এ সম্মুখ ও পশ্চাদ "এ্যাক্টর" কা'কে বলে, তা'রা কিভাবে কাজ করে?

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**
**মোট সময়: ১ ঘন্টা ১৫ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৪৫ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ১৫ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট বোর্ড ও বোর্ড মার্কার, মাল্টিমিডিয়া ও পর্দা ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

উপরোল্লেখিত উপকরণ সংগ্রহ করা ছাড়াও প্রশিক্ষক মাল্টিমিডিয়াতে দেখানোর জন্য ফুলের ভ্যালু চেইন বিষয়ক উপস্থাপনা তৈরী করে রাখবেন এবং ভ্যালু চেইন বুঝানোর জন্য ব্রাউন পেপারে প্রশ্ন লিখে ছক তৈরী করে রাখবেন, এছাড়া ফুল ভ্যালু চেইনে সম্পৃক্ত সকল এ্যাক্টরদের নাম একটি পোস্টার পেপারে একটি নাম এভাবে লিখে রাখবেন।

## ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক এই সেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন -

- ফুলের ভ্যালু চেইন অধিবেশনে কী কী বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- ফুলের ভ্যালু চেইন বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- ফুলের ভ্যালু চেইন বিষয়ে ধারণার লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- ফুলের বাজার ব্যবস্থার উপর ধারণা দেয়া।
- ফুলের ভ্যালু চেইনের সম্মুখ ও পশ্চাত এ্যাক্টরদের দায়িত্ব সম্পর্কে জানা।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে ফুল সেক্টরের বাজার কি এবং বাজার পদ্ধতির বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে;

- আপনার এলাকায় উৎপাদিত ফুল কোথায় বিক্রয় করেন?
- ফুল বিক্রয়ের জন্য যথেষ্ট বাজার ও পাইকার আছে কিনা?
- ফুল বিক্রয়ের ক্ষেত্রে আপনারা কোন সমস্যায় পড়েন কিনা?
- ফুল উৎপাদনের প্রয়োজনীয় উপকরণ কিভাবে সংগ্রহ করেন? কোন সমস্যা আছে কিনা?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে পুরো ফুলের বাজার ও ভ্যালু চেইন কি এবং ফুল সেক্টরের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের এ বিষয়ক জ্ঞান ও ফুল ভ্যালু চেইন-এর উন্নয়ণের গুরুত্ব এবং উপকারিতা ইত্যাদি তুলে ধরবেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে সকল প্রশিক্ষণার্থী যেন বুঝতে পারে সেটি এবং সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক -

সম্ভাব্য প্রশ্নাবলী:

- বাংলাদেশে ফুল উৎপাদন ও বিক্রয়ের বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- উৎপাদিত ফুলের অর্থনৈতিক গুরুত্ব কি ?
- বাংলাদেশে ফুলের বাজার পদ্ধতি কি?
- ফুল সেক্টরে উৎপাদন থেকে ভোক্তা পর্যন্ত কে কে জড়িত? তাদের কার কি দায়িত্ব?
- বাংলাদেশে ফুলের বাজার পদ্ধতিতে কোন সমস্যা আছে কিনা? থাকলে কিভাবে উন্নয়ন করা যাবে?

প্রশিক্ষক বিভিন্ন প্রশ্ন-উত্তরের মাধ্যমে বাজার ও ভ্যালু চেইন কি এর একটি প্রাথমিক ধারণা দেবার পর, পূর্ব থেকে পোস্টার পেপারে লেখা বিভিন্ন এ্যাক্টরদের পোস্টার গুলো নিবেন এবং যতটি পোস্টার পেপার হয়েছে ততজন প্রশিক্ষণার্থীকে ডেকে প্রত্যেকের হাতে একটি করে পোস্টার দিবেন, তারা সেটি সামনে হাতে ধরে দাঁড়াবে। এবার প্রশিক্ষক সকল প্রশিক্ষণার্থীদের আহ্বান করবেন যে, বাজারে কোন এ্যাক্টরের অবস্থান কোথায় অর্থাৎ কোন এ্যাক্টরের আগে অথবা পরে কার অবস্থান, সেই ভাবে সকল এ্যাক্টরদেরকে পর পর সাজাতে/দাঁড়াতে বলবেন। এবার তিনি এই সাজানো ক্রমানুযায়ী ব্রাউন পেপারে এ্যাক্টরদের নামগুলো পর পর লিখবেন এবং একটির সাথে একটির সংযোগ করে দিবেন। ব্যাপারটি একটি চেইনের আকার পাবে। সহায়তাকারী বুঝিয়ে বলবেন যে, এই ব্যাপারটিই হলো একটি ভ্যালু চেইনের। ভ্যালু চেইন প্রতিটি পণ্যের আলাদা আলাদা হয়। আমাদের এটি ফুলের ভ্যালু চেইন।
অতঃপর প্রশিক্ষক ভ্যালু চেইনের প্রত্যেক এ্যাক্টরকে জিজ্ঞাসা করবেন তার কাজসমূহ কি কি এবং একজন প্রশিক্ষণার্থীকে তা' বোর্ড বা ব্রাউন পেপারে লিখতে বলবেন। কোন এ্যাক্টর যদি তার কাজ ঠিকমত বলতে না পারে তবে, প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীগণ মিলে সম্পূর্ণ করবেন। এভাবে সব এ্যাক্টরদের কাজ/দায়িত্ব লেখা শেষ করবেন।

প্রশিক্ষক জানাবেন যে, ভ্যালু চেইনের উৎপাদক বা কৃষকের আগে যেই এ্যাক্টরগণ অবস্থান করে তাদেরকে পশ্চাদ বা ব্যাকওয়ার্ড এ্যাক্টর এবং পরে অবস্থান করে যে সকল এ্যাক্টরগণ তাদেরকে সম্মুখ বা ফরোয়ার্ড এ্যাক্টর বলে।

## ধাপ-৪: সারসংক্ষেপ

প্রশিক্ষক এবার সবার কাছে থেকে প্রশ্ন আহ্বান করবেন, কারও কোথাও বোঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন এবং এই সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন ও সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# সেশন ১১: লিলিয়ামের আধুনিক উৎপাদন কলাকৌশল

জলবায়ু, মাটি, বংশবিস্তার, জমি ও বেড তৈরি, বাল্ব বপন সময়, বাল্ব বপন পদ্ধতি, সার ব্যবস্থাপনা, অন্তর্বর্তীকালীন পরিচর্যা (সেচ ও পানি নিষ্কাশন, আগাছা দমন, স্টেকিং, মালচিং), ফুল সংগ্রহ, ফলন, বাল্ব উত্তোলন ও সংরক্ষণ।

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**

**মোট সময়: ১.০ ঘন্টা**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১৫ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩০ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ১০ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইটবোর্ড, বোর্ড র্মাকার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি। কয়েকটি লিলিয়াম ফুল, চারা, বিভিন্ন জাতের লিলিয়ামের নমুনা, বিভিন্ন ধরনের সারের নমুনা, ফুল সংগ্রহে ব্যবহার্য সরঞ্জাম/যন্ত্র, সিকেচিয়ার ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্ব প্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। এছাড়া প্রশিক্ষণার্থীদেরকে লিলিয়াম চাষের বিভিন্ন দিক এবং আন্তঃপরিচর্যার কাজসমূহ কখন কিভাবে করতে হয় তা দেখানোর জন্য প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা তৈরী করে রাখবেন।

## ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক সেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন -

- এই সেশনে লিলিয়াম চাষের কী কী বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- আধুনিক লিলিয়াম চাষাবাদের উপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- লিলিয়াম চাষাবাদের জন্য জমি তৈরী ও বাল্ব বপন পদ্ধতি সম্পর্কে জানা।
- লিলিয়াম চাষাবাদের লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- অধিক ফুল উৎপাদনের জন্য আন্তঃপরিচর্যার কৌশল ও গুরুত্ব সম্পর্কে জানা।
- ফুল সংগ্রহের সঠিক সময় ও ফুল উত্তোলনের কৌশল সম্পর্কে জানা।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে লিলিয়াম ফুল চাষের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে:

- আপনাদের মধ্যে কে কে লিলিয়াম চাষ করেন? কি ভাবে আবাদ করে থাকেন?
- লিলিয়াম চাষের জমি তৈরী ও চারা রোপণ কিভাবে করেন?
- লিলিয়াম উৎপাদনে আন্তঃপরিচর্যার জন্য কি কি কাজ করে থাকেন?
- লিলিয়াম চাষে আপনাদের কোন সমস্যা আছে কি-না?
- লিলিয়ামের চাষের সুবিধা বা উপকারিতা কি কি?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক লিলিয়ামের বাণিজ্যিক উৎপাদনের সম্ভাবনা ও গুরুত্ব নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। প্রশিক্ষক একটি মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে পুরো চাষাবাদ ও ফুল উৎপাদন কৌশল তুলে ধরবেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে সকল প্রশিক্ষণার্থী যেন বুঝতে পারে সেটি এবং সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- বাংলাদেশে লিলিয়াম ফুল উৎপাদনের বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- লিলিয়াম উৎপাদনের অর্থনৈতিক গুরুত্ব কি?
- লিলিয়াম চাষের জলবায়ু, মাটি ও স্থান কেমন হওয়া উচিৎ?
- লিলিয়ামের ভাল চারা বা জাত কিভাবে চিনতে পারবো?
- লিলিয়ামে কি ধরনের আন্তঃপরিচর্যা জরুরী?
- লিলিয়ামের উৎপাদন বৃদ্ধিতে কখন কিভাবে সার প্রয়োগ করা যেতে পারে?
- ফুল সংগ্রহের সঠিক সময় কিভাবে বোঝা যাবে?
- আপনারা কিভাবে লিলিয়াম ফুল উত্তোলন করে থাকেন?

## ধাপ-৪: সারসংক্ষেপ

প্রশিক্ষক এবার সবার কাছ থেকে প্রশ্ন আহ্বান করবেন এবং এই সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন, কারও কোথাও বুঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। সবশেষে তিনি সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন ১২: বাণিজ্যিকভাবে চাষকৃত ফুলের পোকা ও অন্যান্য আপদ দমন ব্যবস্থাপনা

ফুলের ক্ষতিকারক পোকা ও অন্যান্য আপদ যেমন পাখি, শিয়াল, কুকুর ইত্যাদি কর্তৃক ক্ষতির ধরণ, ক্ষতির লক্ষণ দেখে পোকা ও অন্যান্য আপদ দমন ব্যবস্থাপনা।

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**
**মোট সময়: ১ ঘন্টা ৩০ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩৫ মিনিট |
| ৪ | দলীয় অনুশীলন | ২৫ মিনিট |
| ৫ | সেশনের সারসংক্ষেপ | ১৫ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট-বোর্ড, বোর্ড-মার্কার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি। পরিচিত করার জন্য বিভিন্ন ধরনের ফুলর পোকা ও ক্ষতির নমুনা এবং কিছু সাধারণ কীটনাশক ও অন্যান্য বালাইনাশকের নমুনা ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্ব প্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। তাছাড়া, প্রশিক্ষক মাল্টিমিডিয়াতে দেখানোর উপযোগী ফুলের বিভিন্ন ধরনের পোকা ও পোকার আক্রমণের লক্ষণ চিত্র এবং এর প্রতিকার সম্মিলিত প্রতিবেদন তৈরি করে রাখবেন।

### ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক এই অধিবেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই অধিবেশনে কি কি বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- ফুলের পোকা ও অন্যান্য আপদ দমন ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- পোকা ও অন্যান্য আপদের আক্রমণে ফুল চাষের ক্ষতির দিকগুলো সম্পর্কে জানা।
- পোকা ও অন্যান্য আপদের আক্রমণে ব্যবস্থা গ্রহণের কৌশল জানতে পারবে।
- কীটনাশক ও বালাইনাশক প্রয়োগের মাত্রা, অতিরিক্ত ব্যবহারের ঝুঁকিসমূহ জানতে পারবে।।

### ধাপ-২: কৃষকের অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাণিজ্যিক ফুলে পোকা ও অন্যান্য আপদের আক্রমণ ও ক্ষতির বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক

বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার  অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে:

- আপনার এলাকায় ফুলের খামারে কি কি পোকার আক্রমণ দেখা গেছে?
- ক্ষতির ধরন বা লক্ষণ দেখে পোকা চিনতে পারেন কিনা?
- ক্ষতিকর পোকার আক্রমণ থেকে প্রতিরোধের কোন কৌশল জানেন কিনা?
- পোকা ছাড়া আর কোন আপদ আছে কিনা যা ফুলের উৎপাদনকে ব্যাহত করে?
- সেই ধরণের আপদের ক্ষতি প্রতিরোধের কোন কৌশল জানেন কিনা?
- বিভিন্ন ক্ষতিকর পোকা দমনে কীটনাশক প্রয়োগের মাত্রা জানা আছে কিনা?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক বাণিজ্যিক ফুলের খামারে পোকার আক্রমণ এবং তার সামগ্রীক ক্ষতির পরিমাণ এবং দমন ব্যবস্থাপনা নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন। এই আলোচনায় সহায়তাকারী মাল্টিমিডিয়াতে ফুলের ক্ষতিকারক পোকার ছবি, ক্ষতির লক্ষণ এবং পোকা ব্যবস্থাপনায় কখন কোন কীটনাশক কি মাত্রায় প্রয়োগ করবেন, তা' দেখিয়ে সহজ ভাষায় বুঝিয়ে দিবেন।

**সম্ভাব্য প্রশ্নাবলী:**

- বিভিন্ন ফুলের ক্ষেত্রে প্রধান প্রধান ক্ষতিকারক পোকা গুলো কি কি?
- কোন পোকা কোন পর্যায়ে ফুলের ক্ষতি করে জানা আছে কিনা?
- ফুলে কিংবা গাছে ক্ষতির লক্ষণ দেখে পোকা চিনে দমন ব্যবস্থা জানা আছে কিনা?
- সমন্বীত বালাই ব্যবস্থাপনার মাধ্যমে কিভাবে পোকার আক্রমণ হ্রাস করা যেতে পারে?
- পোকা-মাকড় ছাড়া অন্য যে সকল আপদ ফুল উৎপাদনকে ব্যাহত করে, কিভাবে তা' প্রতিহত করা যাবে?

## ধাপ-৪: দলীয় অনুশীলন

প্রশিক্ষক সকল অংশগ্রহণকারীকে গোলাকারে দাঁড়াতে বলবেন। ৪টি দলকে ৪টি ফুলের (গোলাপ, রজনীগন্ধা, জারবেরা ও গ্লাডিওলাস) প্রধান প্রধান পোকার তালিকা করে, ক্ষতির লক্ষণ, প্রতিকার/দমন ব্যবস্থা কি হবে তা' বালাইনাশকের নাম ও প্রয়োগ মাত্রাসহকারে তৈরির পদ্ধতিটি বুঝিয়ে দিবেন। ৪টি দলই তাদের কাজ উপস্থাপনা করবেন এবং বাকী দলগুলো উপস্থাপনায় প্রশ্ন করে অংশগ্রহণ করবে। যদি, কোন দলের কাজে সঠিক তথ্য না আসে কিংবা অসম্পূর্ণ হয় তবে, প্রশিক্ষক আলোচনার মাধ্যমে সংযোজন বা বিয়োজন করে শুদ্ধ করে নিবেন। শেষে সবাই মিলে পুরো কাজটি আর একবার দেখে নিবেন এবং পূনঃআলোচনার মাধ্যমে দলীয় অনুশীলন শেষ করবেন।

## ধাপ-৫: সারসংক্ষেপ

দলীয় অনুশীলন শেষে প্রশিক্ষক সবাইকে আবার ইউ-আকারে বসতে বলবেন। এবার সবার কাছে থেকে প্রশ্ন আহ্বান করবেন এবং এই সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। সবশেষে সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন ১৩: বাণিজ্যিকভাবে চাষকৃত ফুলের রোগদমন ব্যবস্থাপনা

বিভিন্ন ফুলের রোগ ও রোগের লক্ষণ, প্রতিকার এবং বালাইনাশক প্রয়োগমাত্রা

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**

**মোট সময়: ১ ঘন্টা ১৫ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩০ মিনিট |
| ৪ | দলীয় অনুশীলন | ২০ মিনিট |
| ৫ | সেশনের সারসংক্ষেপ | ১০ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট-বোর্ড, বোর্ড-মার্কার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি। এছাড়া, বিভিন্ন ধরণের ফুলের রোগের নমুনা এবং কিছু সাধারণ ছত্রাকনাশক ও অন্যান্য বালাইনাশকের নমুনা ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। তাছাড়া, প্রশিক্ষক মাল্টিমিডিয়াতে দেখানোর উপযোগী বিভিন্ন ফুলের, বিভিন্ন ধরনের রোগের লক্ষণ চিত্র এবং এর প্রতিকার সম্মিলিত প্রতিবেদন তৈরি করে রাখবেন।

### ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক এই অধিবেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই অধিবেশনে ফুলের রোগ সংক্রান্ত কী কী বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- ফুলের রোগ ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- ফুল উৎপাদনে রোগ ব্যবস্থাপনার গুরুত্ব বা লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- লক্ষণ দেখে ফুলের রোগ চিনতে পারবে এবং প্রতিরোধের ব্যবস্থা করতে পারবে।
- ফুলের রোগে বিভিন্ন ছত্রাকনাশক ও বালাইনাশক প্রয়োগ মাত্রা জানতে পারবে।

### ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে চাষী পর্যায়ে ফুলের রোগের প্রকোপ এবং প্রতিকারের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে:

- আপনার এলাকায় ফুলের খামারে কি কি রোগ হয়ে থাকে?
- লক্ষণ দেখে কি আপনারা রোগ চিনতে পারেন কিনা?
- কোন সময় আপনার এলাকায় বেশি রোগ হয়? তখন আপনারা কি করেন?
- রোগ প্রতিরোধে আপনারা কোন ধরণের কাজ করেন কিনা?
- রোগ প্রতিরোধে আপনারা ছত্রাকনাশকের প্রয়োগ মাত্রা জানেন কিনা?

### ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক বাংলাদেশের ফুলের খামারে রোগের প্রাদুর্ভাব, প্রতিকার ও দমনের গুরুত্ব এবং উপকারিতা নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। বিভিন্ন ফুলের রোগ, রোগের লক্ষণ ও বালাইনাশক প্রয়োগ মাত্রা আলোচনার সময় প্রশিক্ষক মাল্টিমিডিয়া ব্যবহার করবেন। প্রশিক্ষক সকল আলোচনায় বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- আপনাদের ফুলের খামারে কোন্ ফুলে কোন্ রোগ বেশী দেখা যাচ্ছে?
- লক্ষণ দেখে আপনারা রোগ চিনতে পারেন কিনা?
- ফুলের রোগ দমনের অর্থনৈতিক গুরুত্ব কি ?
- ফুলের রোগ প্রতিরোধের ব্যবস্থাপনা সমূহ কি?
- কোন পর্যায়ে রোগ দমনের ব্যবস্থা নিতে হবে এবং বিভিন্ন রোগে বালাইনাশক প্রয়োগ-মাত্রা কি হবে?
- বালাইনাশক ব্যবহার ও প্রয়োগে সর্তকতাসমূহ কি কি?

### ধাপ-৪: দলীয় অনুশীলন

প্রশিক্ষক সকল অংশগ্রহণকারীকে গোলাকারে দাঁড়াতে বলবেন। ৪টি দলকে ৪টি ফুলের (গোলাপ, রজনীগন্ধা, জারবেরা ও গ্লাডিওলাস) প্রধান প্রধান রোগ সমূহের তালিকা করে কি প্রতিকার/দমন ব্যবস্থা হবে তা' বালাইনাশকের নাম ও প্রয়োগ মাত্রাসহকারে তৈরির পদ্ধতিটি বুঝিয়ে দিবেন। ৪টি দলই তাদের কাজ উপস্থাপনা করবেন এবং ১টি দল যখন উপস্থাপনা করবেন, তখন বাকী দলগুলো উপস্থপনায় প্রশ্ন করে অংশগ্রহণ করবে। যদি কোন দলের কাজে গরমিল হয় তবে, প্রশিক্ষক আলোচনার মাধ্যমে সংযোজন বা বিয়োজন করে শুদ্ধ করে নিবেন। শেষে সবাই মিলে পুরো কাজটি আর একবার দেখে নিবেন এবং পূনঃআলোচনার মাধ্যমে দলীয় অনুশীলন শেষ করবেন।

### ধাপ-৫: সারসংক্ষেপ

দলীয় অনুশীলন শেষে প্রশিক্ষক সকল অংশগ্রহণকারীকে আবার ইউ-আকৃতিতে বসতে বলবেন। এবার তিনি সবার কাছে থেকে প্রশ্ন আহ্বান করবেন এবং সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন এবং সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন ১৪ :  বাণিজ্যিক ফুলের রপ্তানী বাজার বিষয়ক ধারণা

বানিজ্যিক ফুলের রপ্তানী বাজার ও চাহিদা, ফুল রপ্তানীর জন্য ব্যবসায়ী সংগঠনের যোগ্যতা/পূর্বশর্ত, ফুল রপ্তানির জন্য সরকারী নিয়ম-নীতি, রপ্তানীযোগ্য ফুল উৎপাদন কৌশল বিষয়ক ধারণা, কৃষি ক্ষেত্রে "ফাইটো-স্যানিটারী" ও সঙ্গরোধ/কোয়ারিন্টিন ব্যবস্থাপনা কিভাবে করতে হয় ।

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**
**মোট সময়: ৪৫ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ২৫ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ৫ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট বোর্ড ও বোর্ড মার্কার, মাল্টিমিডিয়া ও পর্দা ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ সংগ্রহ করে রাখবেন। তাছাড়া, প্রশিক্ষক মাল্টিমিডিয়াতে দেখানোর জন্য রপ্তানী বাজার, ফুল রপ্তানীর জন্য সরকারী আইনগত চাহিদা, ফুল রপ্তানীর জন্য যোগ্যতার মাপকাঠি ইত্যাদি বিষয়ক উপস্থাপনা তৈরী করে রাখবেন।

### ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক এই অধিবেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই অধিবেশনে ফুলের রপ্তানী বাজরের কী কী বিষয়ের প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- ফুল রপ্তানীর আইন-কানুন জানার জন্য প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- ফুল রপ্তানীর জন্য ব্যবসায়ীদের কী কী দলীল ও সনদপত্র প্রয়োজন সে সম্পর্কে জানা।
- ফুল রপ্তানীর জন্য কি মানের ফুল উৎপাদন করতে হবে সে সম্পর্কে জানা।
- কোন কোন দেশে ফুল রপ্তানী করা সম্ভব সে সম্পর্কে জানা।

### ধাপ-২: অংশগ্রহনকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশ থেকে ফুল রপ্তানীর বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে:

- বাংলাদেশ থেকে ফুল রপ্তানী হচ্ছে এবিষয়ে আপনারা জানেন কিনা?
- আপনাদের মধ্যে কেউ কি কখনও ফুল রপ্তানী করেছেন?
- ফুল রপ্তানীর জন্য কী কী সরকারী আইন ও বিধি পালন করতে হবে, জানা আছে কি?
- ফুল রপ্তানীর জন্য বিদেশী ক্রেতার চাহিদার মাপকাঠি জানা আছে কি?

### ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক ফুল রপ্তানীর সম্ভাবনা এবং সেই সংক্রান্ত আইন ও বিধি-নিষেধের গুরুত্ব নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। প্রশিক্ষক মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে ফুল রপ্তানীর বিভিন্ন বিষয় তুলে ধরে আলোচনা করবেন, বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- বাংলাদেশ থেকে ফুল রপ্তানীর বর্তমান অবস্থা ও সম্ভাবনা গুলো কি কি?
- বাংলাদেশ থেকে ফুল রপ্তানীর অর্থনৈতিক গুরুত্ব কি ?
- ফুল রপ্তানীর ক্ষেত্রে আমাদের কি ঘাটতি আছে?
- কিভাবে আমরা ফুল রপ্তানীর যোগ্যতা অর্জন করতে পারবো?

### ধাপ-৫: সারসংক্ষেপ

প্রশিক্ষক এবার সবার কাছে থেকে প্রশ্ন আহবান করবেন এবং এই সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন, কারও কোথাও বোঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। সবশেষে তিনি সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন ১৫: বানিজ্যিক ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শন ।

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**
**মোট সময়: ৫ ঘন্টা ৩০ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা, সেশনের উদ্দেশ্য ও পরিদর্শনকালীন নিয়ম-নীতি | ১০ মিনিট |
| ২ | পরিদর্শনের জন্য দল গঠন ও নেতা নির্বাচন | ৫ মিনিট |
| ৩ | ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শন | ১৮০ মিনিট |
| ৪ | অভিজ্ঞতা বিনিময় ও প্রশ্ন উত্তর পর্ব | ১৩৫ মিনিট |

**উপকরণ:**

সবার জন্য ভিপকার্ড, মার্কার পেন ইত্যাদি।

**সহায়কের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক যে কয়টি ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শন করবেন, তার কর্তৃপক্ষের সাথে কথা বলে সব ব্যবস্থা করে রাখবেন এবং যাতায়তের যাবতীয় ব্যবস্থাদি করে রাখবেন।

### ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। তিনি এটাও জানাবেন যে এই অধিবেশনে সবাই বিভিন্ন ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শনে যাবে। তারপর প্রশিক্ষক পরিদর্শনের কর্মসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- বিভিন্ন ফুলের উৎপাদন ও বাজার বিষয়ক প্রশিক্ষনে লব্ধ জ্ঞানের সাথে খামারের ও বাজারের/দোকানের হাতে-কলমে করা কাজের সাথে মিলাতে পারবেন।
- ফুলের খামারে উৎপাদন সংক্রান্ত কাজগুলো ও বাজারে/দোকানে সংগ্রহোত্তর/প্যাকেজিং সংক্রান্ত কাজগুলো বাস্তবিক কীভাবে করা হয় তা' দেখতে ও জানতে পারবে।
- প্রশিক্ষন লব্ধ জ্ঞানের বাস্তব প্রয়োগ দেখে বিশ্বাস ও আস্থা তৈরী হবে।

### ধাপ-২: পরিদর্শনের জন্য দল গঠন

প্রশিক্ষক ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শনে যাবার পূর্বে অংশগ্রহনকারীদেরকে ৪টি ছোট দলে ভাগ করে দিবেন। পরিদর্শনে গিয়ে যেন কোন বিশৃঙ্খলা তৈরী না হয় সেজন্য প্রশিক্ষক সকলকে নিয়ম-নীতি ও করণীয় বুঝিয়ে দিবেন। তিনি সকলের হাতে ভিপকার্ড ও কলম দিবেন যেন তারা পরিদর্শনে তাদের প্রশ্ন/জিজ্ঞাস্য/পর্যবেক্ষণ লিখে রাখতে পারে।

## ধাপ-৩: ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শন

প্রশিক্ষকের নেতৃত্বে সকল প্রশিক্ষনার্থী সুশৃঙ্খলভাবে ফুলের খামার ও বাজার কিংবা দোকান পরিদর্শন করবে, প্রতিটি স্থানে (খামারে, বাজারে কিংবা দোকানে) পর্যবেক্ষণ ও গাইড করার জন্য খামার কর্মী, বাজার ব্যবস্থাপকের কিংবা দোকান কর্তৃপক্ষের প্রতিনিধিকে সাথে নিতে হবে।

**ফুলের খামারে সম্ভাব্য পর্যবেক্ষনের বিষয়াবলী:**

- স্থান নির্বাচন
- বাগান সাজানো (লে-আউট)
- চারা লাগানো ও যত্ন (আন্তঃপরিচর্যাসমূহ)
- রোগ ও পোকা দমন ব্যবস্থাপনা
- ফুল সংগ্রহ এবং সংগ্রহোত্তর ও প্যাকেজিং কাজ (যদি সম্ভব হয় খামারে অথবা বাজারে)
- ফুল সংগ্রহের যন্ত্রপাতি ও খামার ব্যবস্থাপনার অন্যান্য যন্ত্রপাতি
- উপকরণ সংগ্রহ ও ফাইটো-স্যানিটারী ব্যবস্থাপনা ইত্যাদি

**ফুলের বাজারে/দোকানে সম্ভাব্য পর্যবেক্ষনের বিষয়াবলী:**

- বাজার/দোকান ব্যবস্থাপনা
- বাজর স্থানের নিয়ম-নীতি (টোল, শুল্ক, খাজনা ইত্যাদি)
- বাজারে কিংবা দোকানে বেচা-কেনাার ধরণ ও নিয়ম-নীতি
- ফুল সংগ্রহোত্তর ও প্যাকেজিং কাজ
- ফুলের সংগ্রহোত্তর জীবনকাল বৃদ্ধির কৌশল
- ফুলভিত্তিক মূল্য সংযোজনের কাজ ও লাভের আনুমানিক ধারণা ইত্যাদি।

## ধাপ-৪: অভিজ্ঞতা বিনিময় ও প্রশ্ন উত্তর পর্ব

সব ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শন শেষে, দুপুরের খাওয়া ও নামাজ বিরতির পর প্রশিক্ষক সকল অংশগ্রহণকারীকে আবার নিজ নিজ আসন গ্রহন করার জন্য বলবেন। প্রশিক্ষকের সঞ্চালনে প্রশিক্ষণার্থীগন ফুলের খামার ও বাজার/দোকান পরিদর্শনে তাদের অভিজ্ঞতা বর্ণনা করবেন কিংবা তাদের প্রশ্ন করবেন। প্রশ্নগুলো একটি ব্রাউন পেপারে লেখার জন্য প্রশিক্ষক একজন প্রশিক্ষণার্থীকে অনুরোধ করবেন। সবার প্রশ্ন বা জিজ্ঞাসার শেষে প্রশিক্ষক একে একে সকলের প্রশ্নের উত্তর দিবেন, ব্যাখ্যা করবেন ও বুঝিয়ে বলবেন।

প্রশ্ন উত্তর পর্ব শেষ হলে প্রশিক্ষক সকলকে ধন্যবাদ দিবেন, বিশেষ করে ফুল খামারের ও বাজার/দোকান ব্যবস্থাপনার প্রতিনিধিবৃন্দের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে পরিদর্শন পর্ব শেষ করবেন এবং সবাইকে বৈকালিক জলখাবারের আমন্ত্রণ জানাবেন।

## সেশন ১৬: ফুল সংগ্রহোত্তর ব্যবস্থাপনা ও মূল্য সংযোজন

ফুল সংগ্রহোত্তর ব্যবস্থাপনার গুরুত্ব, ফুলের জীবনকাল কমে যাবার কারনসমূহ, ফুলের জীবনকাল প্রভাবিত করার বিভিন্ন উপাদানসমূহ, ফুলের সংগ্রহোত্তর জীবনকাল বৃদ্ধিতে সংগ্রহ পূর্ববর্তী ও সংগ্রহকালীন নিয়ামক সমূহ, বিভিন্ন সংগ্রহোত্তর হ্যাণ্ডলিং যেমন প্রাক-শীতলীকরন, পাতা ছাড়ানো, পানিতে রাখা, বাছাই, শ্রেণিবিন্যাস/গ্রেডিং, ক্যাপ পরানো, আঁটি বাধা, মোড়ানো, মোড়কায়ন/প্যাকেজিং এর ভূমিকা,
ফুল সংগ্রহোত্তর ব্যবস্থাপনায় পরিবহন, কোল্ড স্টোরেজ ও বাজারজাতকরণ এর ভূমিকা,
ফুলের মূল্য সংযোজন কি? কিভাবে ফুলের মূল্য সংযোজন করা যেতে পারে?

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**
**মোট সময়: ১ ঘন্টা ১৫ মিনিট**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ১০ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১৫ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩৫ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ১৫ মিনিট |

**উপকরণ:**

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট-বোর্ড, বোর্ড-মার্কার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি। বোটা বা ডালসহ বিভিন্ন ধরণের ফুল, সংগ্রহোত্তর কাজে ব্যবহৃত যন্ত্রপাতি, মোড়কীকরণের উপকরণসমূহ ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ যোগাড় করে রাখবেন এবং মাল্টিমিডিয়াতে দেখানোর জন্য ফুল সংগ্রহত্তোর ও প্যাকেজিং-এর উপর প্রতিবেদন/প্রামাণ্য চিত্র প্রস্তুত করে রাখবেন।

### ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক অধিবেশনের আলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষনে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই অধিবেশনে কী কী বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- ফুল সংগ্রহোত্তর ও প্যাকেজিং এর উন্নততর কাজের উপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীর আগ্রহ সৃষ্টি করা।
- ফুল সংগ্রহোত্তর ও প্যাকেজিং কাজের লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- ফুল সংগ্রহোত্তর ও প্যাকেজিং সংক্রান্ত বিভিন্ন কাজের আধুনিক কলাকৌশল সম্পর্কে জানা।
- ফুলের সংগ্রহোত্তর জীবনকাল বৃদ্ধির কৌশল সম্পর্কে জানা।
- ফুল সংগ্রহোত্তর মূল্য সংযোজন কাজের কৌশল সম্পর্কে জানা।
- ফুল সংগ্রহোত্তর ও প্যাকেজিং কাজের যন্ত্রপাতি ব্যবহারের কৌশল সম্পর্কে জানা।

## ধাপ-২: অংশগ্রহনকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশের ফুল চাষীদের বর্তমান সংগ্রহোত্তর ও প্যাকেজিং কাজের অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে:

- আপনারা ফুল সংগ্রহের পর বাজারে বিক্রয়ের আগে কোন ধরণের কাজ করেন কিনা?
- ফুল সংগ্রহোত্তর কাজে আপনারা কোন ধরণের যন্ত্রপাতি ব্যবহার করেন কিনা?
- ফুলের সংগ্রহেত্তোর কাজের অর্থনৈতিক গুরুত্ব সম্পর্কে আপনাদের ধারণা আছে কিনা?
- আপনারা প্যাকেজিং-এর কাজ কিভাবে করেন?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক ফুলের সংগ্রহোত্তর ও প্যাকেজিং কাজের গুরুত্ব এবং উপকারিতা নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। প্রশিক্ষক মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে ফুলের সংগ্রহোত্তর ও প্যাকেজিং কাজের বিভিন্ন বিষয় তুলে ধরে আলোচনা করবেন, বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- ফুলের সংগ্রহোত্তর কাজের বর্তমান অবস্থা ও উন্নয়ণের সুযোগগুলো কি কি?
- ফুলের প্যাকেজিং কাজের বর্তমান অবস্থা ও উন্নয়ণের সুযোগগুলো কি কি?
- ফুলের সংগ্রহোত্তর ও প্যাকেজিং কাজের অর্থনৈতিক গুরুত্ব কি ?
- ফুলের সংগ্রহোত্তর কী কী কাজ কিভাবে করা যেতে পারে?
- ফুলের সংগ্রহেত্তোর কাজ কিভাবে ফুলের জীবনকাল বৃদ্ধিতে সহায়তা করতে পারে?
- সহজলভ্য ও মূল্যসাশ্রয়ী উপকরণ দিয়ে কিভাবে ফুলের মোড়কীকরণ কাজ করা যাবে?
- ফুলের সংগ্রহোত্তর ও প্যাকেজিং কাজে ব্যবহৃত যন্ত্রপাতি সম্মন্ধে ধারণা আছে কি?
- ফুলে কিভাবে যৌক্তিক মূল্য সংযোজন করা যেতে পারে ?

## ধাপ-৪: সারসংক্ষেপ

এ পর্যায়ে প্রশিক্ষক সবার কাছে থেকে প্রশ্ন আহ্বান করবেন এবং এই সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন, কারো কোথাও বোঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং তার ভিত্তিতে প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। সবশেষে সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## অধিবেশন ১৭: বানিজ্যিকভাবে চাষকৃত ফুলের আয় ও ব্যয়

বাংলাদেশে বানিজ্যিকভাবে চাষকৃত কয়েকটি ফুলের উৎপাদন খরচ ও আয়ের হিসাব, কৃষক কোন বানিজ্যিক ফুল চাষ করবেন - সেই সিদ্ধান্ত গ্রহনের প্রক্রিয়া

### সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ

**মোট সময়: ১.০ ঘন্টা**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ৩০ মিনিট |
| ৪ | সেশনের সারসংক্ষেপ | ১৫ মিনিট |

### উপকরণ:

ব্রাউন পেপার, মার্কার পেন, পেপার টেপ, হোয়াইট-বোর্ড, বোর্ড-মার্কার, মাল্টিমিডিয়া, পর্দা ইত্যাদি।

### প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ যোগাড় করে রাখবেন এবং মাল্টিমিডিয়াতে দেখানোর জন্য বিভিন্ন ফুলের উৎপাদন খরচ ও আয়-ব্যয় এর উপর প্রতিবেদন/প্রামাণ্য চিত্র তৈরী করে রাখবেন।

### ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে সেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক এই সেশনের অলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন ।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন ।

- এই সেশনে প্রশিক্ষণার্থীদেরকে কী কী বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হবে তা জানানো
- ফুল চাষের আয়-ব্যয়ের ওপর প্রশিক্ষণ গ্রহনে প্রশিক্ষণার্থীদের আগ্রহ সৃষ্টি করা।
- ফুল চাষের উৎপাদন খরচ কিভাবে নির্ধারণ করা হয় সেই দিকগুলো সম্পর্কে জানা।
- ফুল চাষ লাভজনক করার কৌশল সম্পর্কে জানা।
- কোন ধরনের ফুল উৎপাদন করবে তার সিদ্ধান্ত গ্রহন প্রক্রিয়া সম্পর্কে জানবে।

## ধাপ-২: অংশগ্রহণকারীর অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে ফুল চাষের আয়-ব্যয়ের বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে:

- আপনাদের মধ্যে ফুল চাষ করে কে কে লাভবান হয়েছেন?
- কিভাবে লাভ নির্ধারণ করতে হয় আপনারা জানেন কিনা?
- ফুল উৎপাদনে কত ব্যয় হয়েছে কিভাবে আপনারা হিসাব করেন?
- আপনি কোন জাতের বা কোন ফুল উৎপাদন করবেন কিভাবে সিদ্ধান্ত নেন?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক ফুল উৎপাদনের খরচ, আয় এবং লাভ নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। প্রশিক্ষক মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে ফুলের উৎপাদন খরচ ও আয়-ব্যয়ের বিভিন্ন বিষয় তুলে ধরে আলোচনা করবেন, বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- ফুল চাষে/ব্যবসায় লাভ (Profit) বলতে কি বুঝি?
- কিভাবে ফুল উৎপাদনে লাভের হিসাব করবেন?
- ফুল উৎপাদনের বর্তমান খরচ ও খরচের খাতসমূহ কি কি?
- ফুল চাষে খাতওয়ারী খরচ কমানোর কৌশলগুলো কি কি?
- ফুল কিংবা অন্য কোন পণ্য উৎপাদনের খরচ ও আয় জানা/নির্ধারণ করার গুরুত্ব কি ?
- কিভাবে ফুল উৎপাদন খরচ হিসাব করবেন?
- আপনি কোন জাতের বা কোন ধরণের ফুল উৎপাদন করবেন কিভাবে সিদ্ধান্ত নিবেন?

## ধাপ-৪: সারসংক্ষেপ

এ পর্যায়ে প্রশিক্ষক সবার কাছে থেকে প্রশ্ন আহ্বান করবেন এবং এই সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন, কারও কোথাও বোঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং তার ভিত্তিতে প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। সবশেষে সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশস ১৮: ফুলের বাজার, বাজার সংযোগ উন্নয়ণ ও নেটওয়ার্কিং

বাজার ও বাজারজাতকরণ কি এবং ফুল ব্যবসার ঝুঁকিসমূহ, ব্যবসা পরিকল্পনা বিষয়ক ধারণা, ফুল ব্যবসা ক্ষেত্রে দল ও "যৌথ কার্যক্রম"-এর গুরুত্ব ও ব্যবসায়িক মুনাফার সুযোগ, সংযোগ উন্নয়ণ ও নেটওয়ার্কিং - ব্যবসায়িক দিক থেকে এর গুরুত্ব, ফুল ব্যবসা ক্ষেত্রে "আইসিটি এ্যাপ্স"-এর ব্যবহার, গুরুত্ব ও ব্যবহার কৌশল।

**সেশন কার্যক্রমের সংক্ষিপ্তরূপ**

**মোট সময়: ১.০ ঘন্টা**

| ক্রমিক নং | সেশন কার্যক্রম | সময় |
|---|---|---|
| ১ | ভূমিকা এবং সেশনের উদ্দেশ্য | ৫ মিনিট |
| ২ | প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই | ১০ মিনিট |
| ৩ | মূল আলোচনা | ২৫ মিনিট |
| ৪ | দলীয় কাজ | ১৫ মিনিট |
| ৫ | সেশনের সারসংক্ষেপ | ৫ মিনিট |

**উপকরণ:**

ম্যানিলা পেপার, মার্কার পেন, পেপার টেপ, বোর্ড-মার্কার, হোয়াইট বোর্ড, মাল্টিমিডিয়া, পর্দা, ভিপকার্ড, হার্ড ক্লিপ ইত্যাদি।

**প্রশিক্ষকের পূর্বপ্রস্তুতি:**

প্রশিক্ষক উপরোল্লেখিত উপকরণসমূহ যোগাড় করে রাখবেন এবং বিভিন্ন ধরণের দলীয় অনুশীলনের জন্য ব্রাউন পেপারে ছক ও প্রশ্ন লিখে তৈরী রাখবেন। এছাড়া পোস্টার পেপারে এই অধিবেশনে আলোচিত বিভিন্ন বিষয়ের সজ্ঞা লিখে রাখবেন, যাতে করে আলোচনা শেষে এর সাথে মিলিয়ে নেয়া যায়। তাছাড়া, সহায়তাকারী ১টি ব্রাউন পেপারে ফুল সেক্টরে পরামর্শ দেয় এমন এ্যাপস গুলোর নাম্বার বড় বড় করে লিখে রাখবেন।

## ধাপ-১: ভূমিকা ও সেশনের উদ্দেশ্য

প্রশিক্ষক প্রথমে সকল অংশগ্রহণকারীকে অধিবেশনে স্বাগত জানাবেন। অংশগ্রহণমূলক আলোচনার জন্য একটি সুন্দর ও সহজ পরিবেশ তৈরি করবেন। তারপর প্রশিক্ষক এই অধিবেশনের আলোচ্যসূচি এবং এর উদ্দেশ্য অংশগ্রহণকারীদের কাছে বিস্তারিত বর্ণনা করবেন।

এই অধিবেশন শেষে প্রশিক্ষণে অংশগ্রহনকারীগণ নিম্নের বিষয়গুলি ভালভাবে বুঝতে এবং হাতে কলমে করে শিখতে এবং বলতে পারবেন -

- এই অধিবেশনে কী কী বিষয়ের ওপর আলোচনা হবে তা প্রশিক্ষণার্থীদেরকে জানানো।
- বাজার,বাজার সংযোগ উন্নয়ণ ও নেটওয়ার্কিং-এর ওপর প্রশিক্ষণ গ্রহণে প্রশিক্ষণার্থীদের আগ্রহ সৃষ্টি করা।
- ফুল উৎপাদনের ক্ষেত্রে দল ও যৌথ কার্যক্রমের লাভজনক দিকগুলো সম্পর্কে জানা।
- ব্যবসা কি? ফুল ব্যবসা ক্ষেত্রে "আইসিটি এ্যাপ্স"- এর ব্যবহার, গুরুত্ব ও ব্যবহার কৌশল সম্পর্কে জানা।

## ধাপ-২: অভিজ্ঞতা যাচাই

প্রশিক্ষক বাংলাদেশে ফুল চাষ ও ব্যবসার বাজার এবং লাভ-ক্ষতির বর্তমান অবস্থাচিত্র নিয়ে আলোচনার সূত্রপাত ঘটাবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করে এ বিষয়ে তারা কি কি জানেন তা জানার চেষ্টা করবেন। প্রশিক্ষক বিভিন্ন প্রশ্নের মাধ্যমে তা জানার চেষ্টা করবেন এবং লক্ষ্য রাখবেন সবার অংশগ্রহণ যেন নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ কিছু প্রশ্ন দেওয়া হলো যা নিয়ে আলোচনা করা যেতে পারে;

- আপনারা তো ফুল সেক্টরের সাথে জড়িত, ফুল চাষ কিংবা ফুলের ব্যবসা করে লাভবান হয়েছেন কিনা?
- লাভবান হতে না পারার কারণগুলো কি কি?
- প্রান্তিক পর্যায়ে আপনাদের কোন দল বা সংগঠন আছে কিনা?
- যৌথ কার্যক্রম জানেন কিনা? কিভাবে যৌথ কার্যক্রম আপনাদের জন্য লাভজনক হতে পারে?
- "আইসিটি এ্যাপ্স"- এর কথা শুনেছেন কিনা? এর গুরুত্ব ও ব্যবহার কিভাবে করতে হয়?

## ধাপ-৩: মূল আলোচনা

প্রশিক্ষক ফুলের বাজার, বাজর সংযোগ উন্নয়ণ ও নেটওর্য়াকিং কাকে বলে এবং এ সকলের গুরুত্ব ও উপকারিতা নিয়ে আলোচনা শুরু করবেন। আলোচনা হবে অংশগ্রহণমূলক। প্রশিক্ষক মাল্টিমিডিয়া উপস্থাপনা ও বিভিন্ন পোস্টার ব্যবহারের মাধ্যমে বাজর সংযোগ উন্নয়ণ ও নেটওয়ার্কিং যৌথ কাজের বিষয়গুলো তুলে ধরবেন, জানাবেন। তিনি বিভিন্ন প্রশ্ন এবং উদাহরণের মাধ্যমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সম্ভাব্য প্রশ্নাবলী:

- বাজার বলতে আমরা কি বুঝি? বাজারের উপাদানসমূহ কি কি?
- বাজার সংযোগ উন্নয়ণ কি? এর মাধ্যমে কিভাবে আমরা লাভবান হতে পারি?
- ফুল চাষাবাদ কি ব্যবসা? বাংলাদেশে ফুল ব্যবসার ঝুঁকিসমূহ কি কি?
- দল বা দলীয় কাজ ব্যবসায় কিভাবে বেশী মুনাফার সুযোগ করে দেয়?
- "আইসিটি এ্যাপ্স"- কথাটি শুনেছেন কিনা? এর ব্যবহার ও গুরুত্ব জানেন কি?

## ধাপ-৪: দলীয় কাজ

প্রশিক্ষক সকল অংশগ্রহণকারীকে গোলাকারে দাঁড়াতে বলবেন। একজন ফুল চাষীর কার কার সাথে সংযোগ উন্নয়ণ করা প্রয়োজন তা' দলীয়ভাবে তৈরির পদ্ধতিটি বুঝিয়ে দিবেন। তারপর ৪টি দলকেই একই কাজ অনুশীলন করতে বলবেন। প্রথমে, ১টি দল তাদের কাজ উপস্থাপনা করবেন এবং বাকী দলগুলো মিলিয়ে নিবেন। যদি কোন দলের সাথে গরমিল হয় তবে, প্রশিক্ষক আলোচনার মাধ্যমে সংযোজন বা বিয়োজন করে নিবেন। শেষে, সবাই মিলে পুরো কাজটি আর একবার দেখে নিবেন এবং পূনঃআলোচনার মাধ্যমে দলীয় অনুশীলন শেষ করবেন।

প্রশিক্ষণার্থীদের যাদের এনরয়েড ফোন আছে তার ভিত্তিতে পুরো দলকে প্রশিক্ষক ভাগ করে দিবেন। এরপর তিনি মাল্টিমিডিয়াতে এ্যাপস ডাউনলোড করা এবং ব্যবহার করা দেখিয়ে দিবেন যা' সকল প্রশিক্ষণার্থীগণ মোবাইলে অনুশীলন করবে। অতঃপর সবাইকে তিনি বিভিন্ন এ্যাপসের নাম্বার গুলো দিয়ে দিবেন, যাতে প্রয়োজনে তারা যোগাযোগ করতে পারে।

## ধাপ-৫: সারসংক্ষেপ

এ পর্যায়ে প্রশিক্ষক সবার কাছে থেকে প্রশ্ন আহ্বান করবেন এবং এই সেশনের শুরু থেকে শেষ পর্যন্ত আলোচিত/শিক্ষণীয়/জানার বিষয়গুলি নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করবেন, কারও কোথাও বোঝার ঘাটতি থাকলে সে বিষয়ে পুনঃআলোচনা করবেন। সঠিক উত্তরগুলি পোস্টারে সবার সামনে লিপিবদ্ধ করবেন এবং তার ভিত্তিতে প্রশিক্ষক এই সেশনের আলোচনার সার-সংক্ষেপ উপস্থাপন করবেন। সবশেষে সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।